থেকে গ্রেফতার করে থানায় নিয়ে আসে। গত বছরের ৩০ অক্টোবর মামন মিয়াঁর বাড়ি থেকে দশ লক্ষাধিক টাকার নেশা জাতীয় সিরাপ ফেনিডাইল ও এসকফ উদ্ধার করেছিল পুলিশ। সেদিন পুলিশের অভিযানের খবর পেয়ে পালিয়ে যায় নেশা কারবারি মামন মিয়া। দীর্ঘদিন সিপাহিজলা গোয়েন্দা বিভাগ অভিযুক্ত মামন মিয়াঁকে গ্রেফতার করতে অভিযান চালিয়েছিল। অবশেষে শনিবার ভোররাতে গোয়েন্দা বিভাগ সহ জেলা পুলিশ প্রশাসন সাফল্য পায়। অভিযুক্তকে শনিবার দুপুরে তিন দিনের রিমান্ডের আবেদন জানিয়ে আদালতে সোপর্দ করেছে পুলিশ।

থেকে গ্রেফতার করে থানায় নিয়ে আসে। গত বছরের ৩০ অক্টোবর মামন মিয়াঁর বাড়ি থেকে দশ লক্ষাধিক টাকার নেশা জাতীয় সিরাপ ফেনিডাইল ও এসকফ উদ্ধার করেছিল পুলিশ। সেদিন পুলিশের অভিযানের খবর পেয়ে পালিয়ে যায় নেশা কারবারি মামন মিয়া। দীর্ঘদিন সিপাহিজলা গোয়েন্দা বিভাগ অভিযুক্ত মামন মিয়াঁকে গ্রেফতার করতে অভিযান চালিয়েছিল। অবশেষে শনিবার ভোররাতে গোয়েন্দা বিভাগ সহ জেলা পুলিশ প্রশাসন সাফল্য পায়। অভিযুক্তকে শনিবার দুপুরে তিন দিনের রিমান্ডের আবেদন জানিয়ে আদালতে সোপর্দ করেছে পুলিশ।

ডুবে ব্যক্তির মৃত্যু

লালা (অসম), ১ জুন ঃ বনার কবলে পড়ে ইতিমধ্যে বরাক উপত্যকার বিভিন্ন স্থানে কয়েকজনের মর্মান্তিক মৃত্যু ঘটেছে। আজ শনিবারও দক্ষিণ করিমগঞ্জে এক যুবকের বনার জলে পড়ে মৃত্যু হয়েছে। অনাদিকে আজ দুপুরের দিকে হালালকাদি জেলার অন্তর্গত লালা এলাকার কুচিলাখলে ডুবে মর্মান্তিক মৃত্যু হয়েছে বছর ৪৫-এর জনৈক ব্যক্তির। নিহত ব্যক্তির নাম লুংফুর রহমান লন্সর। এ ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান রাইজর দলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক জাহির উদ্দিন লন্সর, ফরিদ উদ্দিন লন্সর, খাইকল ইসলাম বড়ভূঁয়া প্রমুখ।

হিন্দমোটরে লক্ষ্মীর ভাণ্ডার ভেঙে প্রায় দেড় লক্ষ টাকা নিয়ে পালিয়েছে চোর

দূরন্ত বার্তা, হিন্দমোটর হুগলি, ১ জুনঃ আত্মীয়ের বাড়িতে নিমন্ত্রণ খেতে গিয়েছিলেন। আচমকাই ফোন যায়, ‘ঘরের তালা ভাঙা’। এরপর দুর্গাপুর থেকে ছুটে আসেন দম্পতি। দেখেন তিনটি লক্ষ্মীর ভাণ্ডার ভেঙে প্রায় দেড় লক্ষ টাকা নিয়ে পালিয়েছে চোরের দল। হুগলির হিন্দমোটর বিবিডি রোডের ঘটনা। এখানকার বাসিন্দা রুমুর দাস গত ২৬ তারিখ দুর্গাপুর যান আত্মীয়র বাড়ি। তিনি বলেন, ‘‘২৭ তারিখ নিমন্ত্রণ ছিল। তাই ২৬ তারিখ সেখানে যাই। ২৯ তারিখ আমার জামাইবাবু এসেছিলেন আম দিতো এসে দেখেন বাইরের চাবি খোলা। তার সন্দেশ হওয়ায় আমাদের ডাকাডাকি করেন। সাড়া না পেয়ে ফোন করেন। আমরা যে বাড়িতে নেই জামাইবাবু জানত না। এরপর ফোনে জানান ঘরের তালা ভাঙা। আমার তো কপালে হাত। সঙ্গে সঙ্গে বাড়িওয়ালাকে ফোন করি। বাড়িওয়ালাও এসে দেখে জানান, ঘর তছলা। এরপরই ওই দম্পতি সকাল ১০টা সাড়ে ১০টা নাগাদ বেরিয়ে পড়েন বাড়ির উদ্দেশ্যে। রুমুরের কথায়, ‘‘এসে দেখি সব তালা ভাঙা। লক্ষ্মীর ভাণ্ডারের যে পয়সা ছিল তাও নিয়ে চলে গিয়েছে। গত তিন বছর ধরে ৫০০ টাকা করে জমানো। ভাঙা সেগুলি। আমার কিছু গয়না, নগদ প্রায় ১ লক্ষ টাকা উগাও। আমি ব্যাক্রে কাজ করি সিএসপি হিসাবে। একটা টাকা নেই। উত্তরণাড়া থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

ইটের আঘাতে জখম সাংবাদিক সহ ১০

দূরন্ত বার্তা, কুলতলি, ১ জুনঃ বিক্ষিপ্ত কয়েকটি গন্ডগোল ছাড়া একপ্রকার শান্তিতেই শেষ হলো জয়নগর লোকসভা কেন্দ্রের ভোট গ্রহণ। শনিবার রাজ্যে শেষ দফার ভোট জয়নগর লোকসভা কেন্দ্রের ক্যানিং ও কুলতলিতে সামান্য গোলমাল হয়। এছাড়া আর কোথাও কোন গোলমাল হয়নি। ক্যানিংয়ের গোলাবাড়ি এবং কুলতলি এলাকার মেরিগঞ্জ ২ এ এজেন্ট বসাকে স্টেন্ড



করে তৃণমূল কংগ্রেস এবং বিজেপি সমর্থকদের মধ্যে দফায় দফায় মারপিট হয়। এতে দুটি জয়গায় কম করে ১০ জন আহত হয়েছেন । এদের মধ্যে এক সাংবাদিকও রয়েছেন। ইটের আঘাতে গুরুতর জখম হয়েছেন সাংবাদিক বাণ্টি মুখার্জী (২৮) ও সুভাষ চন্দ্র দাশ। বাণ্টি মুখার্জীকে কলকাতায় একটা নার্সিং হোমে ভর্তি করা হয়েছে। তাঁর অবস্থা স্থিতিশীল। এই ঘটনায় ইটের আঘাতে আরো ৫-৬ জন হোটোদাতাও আহত হয়েছেন। তারা সবাই ক্যানিং মহকুমা হাসপাতালে প্রাথমিক চিকিৎসা করান। মেরিগঞ্জে বিজেপি সমর্থক এবং তৃণমূল সমর্থকদের মধ্যে দফায় দফায় গন্ডগোল হয়। তাতেই লোহার তড়, লাঠি এবং লঙ্কার গুঁড়োতে আহত হয়েছেন ৪৫ জন। আহতরা সবাই তৃণমূল সমর্থক বলেই জানা গেছে। এইদিকে কুলতলির মেরিগঞ্জ ২ পঞ্চায়েতে তৃণমূল সমর্থক বাকি বিল্লাহ লন্সর (৫৫) বিজেপি সমর্থকদের লাঠির আঘাতে গুরুতর জখম হয়েছেন। তার মাথায় আঘাত লেগেছে। তাঁর অবস্থা গুরুতর। মাথায় ১১ টা সেলাই করতে হয়েছে। কুলতলিতে প্রাথমিক চিকিৎসার পর তাঁকে কলকাতা চিত্তরঞ্জন হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। অন্যদিকে সাংবাদিক বাণ্টি মুখার্জির মাথায় ৭টি সেলাই পড়েছে। অন্যদিকে, কুলতলীর গোপালগঞ্জ অঞ্চলের ১৩০ ও ১৩১ নম্বর বুথে তৃণমূলের হাতে আক্রান্ত হন বিজেপি কর্মীরা। তারা চিকিৎসারী রয়েছেন জয়নগরের কুলতলী গ্রামীণ হাসপাতালে। বিজেপি কর্মীদের অভিযোগ তাদের দলীয় ক্যাম্পে তারা বসে থাকার সময় আচমকাই তাদের উপরে তৃণমূলের দুষ্কৃতীরা হামলা চালায়। তাদের জিনিসপত্র ছড়িয়ে ছিটিয়ে দেয় এবং তাদেরকে মারধর করে। সঙ্গে চলে ইট বৃষ্টি । তাতেই গুরুতর জখম হন বেশ কয়েকজন সমর্থক। আহতদের মধ্যে রয়েছেন দয়াল হালদার, কর্ণ হালদার, দিনো নাহিয়া প্রমুখ। শুধু কুলতলি নয়, বাসন্তীর ঝড়খালির ৪ নম্বর শেষের গ্রামেও বিজেপি কর্মীরা আক্রান্ত হয়েছেন। বিজেপির অভিযোগ, এরা মডেল পরিবারের পাঁচজন জখম হয়েছেন। শুক্রবার রাতেই বাড়িতে হামলা চালায় তৃণমূল সমর্থকরা বলে অভিযোগ। এরা বাসন্তী থানায় অভিযোগ জানিয়েছেন। এছাড়াও বিরোধী এস ইউ সি আইয়ের অভিযোগ, কুলতলির বুথ নম্বর ৩৯ এবং ৪০ ভোট গ্রহণ কেন্দ্রে ইভিএম জলে ভাসতে দেয়া গেছে। এছাড়াও মেরিগঞ্জ ১ নম্বর ৮ নম্বর বুথে নয়া পাড়া স্কুলে এবং বুথ নম্বর ১৯ ও ২০ ধানখালি এফ পি স্কুলে, বুথ নম্বর ১৩ কচিয়ামারা হোমচন্ড হাই স্কুল, বুথ নম্বর ১৪ বেনিমাধবপুর আই সি ডি এস সেন্টার বুথে তৃণমূলের গুপ্তারা সাধারণ ভোটারদের ভোট গ্রহণ কেন্দ্রে যেতে বাধা দিয়েছে বলে এস ইউ সির অভিযোগ। তারা গোটা বিষয়টি কমিশনের কাছে অভিযোগ করেছে।

আলোই ঈশ্বরের প্রতিবিশ্ব দূরস্ত বর্তা

২৯ বর্ষ, দৈনিক ১৮৩ সংখ্যা, রবিবার, ১৯ জ্যৈষ্ঠ, ১৪৩১

লোকসভার ভোটনির্ব্বিয়ে

লোকসভার নির্বাচনে সপ্তম দফা বা শেষ দফার ভোট নির্বিঘ্নে হল। কলকাতায় কোনও রকম রাজনৈতিক ঝেমেলা দেখা দেয়নি। ভোট হয়েছে শান্তিপূর্ণ। তবে সাময়িক রাজনৈতিক উত্তেজনা দেখা দিয়েছিল তা মিটিয়ে ফেলতে পুলিশ দ্রুত ব্যবস্থা গ্রহণ করছেছিল। প্রতি বুথে কেন্দ্রীয় নিরাপত্তা বহিনী সক্রিয় ছিল। তারা স্বেচ্ছাসিগতির হাত বাড়িয়ে দিয়েছে সব সময়ে। ভোটারদের হয়রানি হতে হয়নি। এবারে আসছে নির্বাচনের ফলাফলের দিন। সেই দিনের দিকে তাকিয়ে থাকতে হবে সমস্ত ভারতবাসীদের। কারা কেন্দ্রীয় সরকার গড়বে তা ঠিক হবে ভোটের ফলাফলের পর। রাজনৈতিক বিশেষজ্ঞরা বলতে শুরু করেছেন যে যদি শাসক দল জেতে বা সরকার গঠন করে তাহলে অতীতের ভুল গুলোকে সংশোধন করতে হবে। আরও জনমুখী বাজেট পেশ করতে হবে। সাধারণ মানুষের কথা ভাবতে হবে। ভারতের অতি সাধারণ মানুষের সংখ্যা বেশি। ধনীরা সংখ্যা তুলনায় খুবই কম বলা যেতে পারে। যারা এখনও মাথা তুলে দাঁড়াতে পারেনি তাদের দিকে তাকাতে হবে। না হলে মহান ভারত গড়ে তোলার একেবারে অসম্ভব। যেসব কথা বলতে শুরু করে দিয়েছে বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা তাকে সফল করতে গেলে সাধারণ মানুষের কথাকে বেশি করে গুরুত্ব দিতে হবে। তাদেরকে গণতান্ত্রিক পদ্ধতির মধ্যে নিয়ে আসতে হবে। এখনও বহু লোকেরা জানেন না কোন তারা ভোট দিচ্ছে। ভোট দিয়ে কি লাভ? ভোট বস্তুটা কি? একটি আঙ্গুলের ছাপ দিয়ে যদি ভোট সমাপ্ত হয়ে যায় তাহলে দেশের গণতান্ত্রিক শাসন ব্যবস্থার মূল তথ্য সম্পর্কে কেউই ওয়াকিবহাল থাকবে না। তারা জানতে পারবে না গণতন্ত্রটা কি? ভোট দানের মধ্যে দিয়ে গণতন্ত্রবোধের সমাপ্তি ঘটে না। গণতন্ত্রের পরিধি ব্যাপ্ত করে। সেই ব্যাপক পথ ধরে এগিয়ে চলে গণতন্ত্রকে আরও স্বচ্ছতার মধ্যে দিয়ে বিকাশ ঘটাতে হবে। তবেই হবে স্বার্থক গণতন্ত্র। আজকে গণতান্ত্রিক দেশগুলি বিপদবোধ করচে শুরু করেছে। তাদের বিপদ পদেপদে। তার হাত থেকে রেহাই পাচ্ছে না। আফগানের গণতন্ত্র ধ্বংস হয়েছে। শ্রীলঙ্কার গণতন্ত্র ধ্বংস হওয়ার পথ ধরে ছিল। ইউক্রেন আক্রান্ত। আক্রান্ত ইজরায়েল। গণতান্ত্রিক দেশগুলির নির্বাচনী ঝামেলা পোহাতে হয় না। তাদের জনগণের কাছে জবাবদিহি করে না। হামাস জঙ্গিরা ইজরায়েলকে খতম করতে চেষ্টা করছে। ভারতের মতো একটি গণতান্ত্রিক দেশকে গ্রাস করতে বহু সমাজতান্ত্রিক দেশ ধীকে ধীরে পা ফেলতে শুরু করেছে। তারা গুটি গুটি করে ভারত সীমান্তে উপস্থিত। সুযোগ খোঁজার অপেক্ষায় বসে রয়েছে। তবে ভারত আর্থিক দিক দিয়ে দুর্বল হবে তার দিকে তাকিয়ে রয়েছে। ভারতের গণতান্ত্রিক শাসন ব্যবস্থা খুব বেশি শক্তিশালী হবে ততই ভারত আর্থিক দিক দিয়ে বলশালী হতে পারবে।

বাংলার সার্কাস দল

অষ্টাদশ শতকে বাংলার প্রথম সার্কাস দল তৈরি করে ইংরেজদের চ্যালেঞ্জ ছুঁয়েছিলেন একজন ‘প্রফেসর’, প্রিয়নাথ বসু (জন্ম ১৮৬৫ – মৃত্যু ২১ মে ১৯২০)। এক বাঙালি কিনা সার্কাস দলের মালিক! তাও আবার পরাধীন ভারতবর্ষে! হ্যাঁ, পরাধীন ভারতবর্ষে অষ্টাদশ শতকে সার্কাস দল খুলে ইংরেজদের চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছিলেন যে বাঙালি, তার নাম প্রিয়নাথ বসু। যদিও বাঙালির সার্কাসে প্রথম হাতেখটি হিন্দুমেলার প্রতিষ্ঠাতা নবগোপাল মিত্রের হাত ধরে। নবগোপালবাবুর ‘ন্যাশনাল সার্কাস’ প্রথমে খেলা দেখাত ঠনঠনিয়ায়। পরে তা নবগোপালবাবুর বাড়িতে উঠে যায়। সেখানে জম্ভ-জানোয়ার বলতে ছিল একটি মাত্র টাটু ঘোড়া। নবগোপালবাবুর সেই সার্কাসে বিভিন্ন ধরনের জিমন্যাস্টিকসের খেলা দেখানো হত, যে কারণে অনেকেই ‘সার্কাদ’ বলতে নারাজ। এরপর দু-চারজন ইংরেজ ও ইউরোপীয়কে সঙ্গে নিয়ে নবগোপাল মিত্রের জামাই রাজেন্দ্রলাল সিংহ ‘গ্রেট ইন্ডিয়ান সার্কাস’ নামে একটি সার্কাস দল তৈরি করেন। মির্জাপুরে শামিয়ানা টাঙিয়ে এই দল সার্কাস দেখাত। কবি, নাট্যকার মনমোহন বসু নবগোপাল মিত্রের হিন্দুমেলার অন্যতম সংগঠক ছিলেন। মনমোহন বসুর নাটক অভিনীত হত ন্যাশনাল থিয়েটারেও। তাঁর গানও তখন বঙ্গ জনপ্রিয়। প্রতিভাবান এই গুণী মানুষটির পুত্র প্রিয়নাথ বসু। প্রিয়নাথের ছিল শরীরচর্চার শখ। নিয়মিত ব্যায়াম করতেন, কুস্তির আখড়ায় যেতেন। সেসময় আহিরীটোলার গৌরহরি মুখোপাধ্যায় নামে এক ব্যায়াম শিক্ষক কলকাতার বহু জায়গায় জিমনাস্টিকসের আখড়া স্থাপন করেছিলেন। সবকটি তার একাধ পক্ষে দেখাশোনা করা আর সম্ভব হচ্ছিল না। সে-কারণে তিনি কয়েকটি আখড়ার ভার নিজের ছাত্রদের হাতে ছেড়ে দিলেন। গৌরহরিবাবুর প্রিয় ছাত্র ছিলেন প্রিয়নাথ। প্রিয়নাথও পেলেন বেশ কিছু আখড়ার দায়িত্ব। গৌরহরিবাবুর আখড়া দেখাশোনার পাশাপাশি, প্রিয়নাথ নিজেও স্বতন্ত্র কিছু আখড়া স্থাপনের উদ্যোগ নিলেন। যার প্রথমটি তৈরি হল প্রিয়নাথের নিজের বাড়ির কাছে, কলওয়ালিন স্ট্রীটে। তারপর সিমলা থেকে নেবুতলা পর্যন্ত প্রিয়নাথের উদ্যোগে গোটা পঞ্চাশেক আখড়া তৈরি হল। সবকটি আখড়াতেই নিয়মিত ব্যায়াম শেখাতে যেতেন প্রিয়নাথ। একদিকে এতগুলি আখড়ার দায়িত্ব, অন্যদিকে সার্কাসের দল খোলার অদম্য বাসনা –এই দ্বন্দ্বের মধ্যে পড়ে প্রিয়নাথ বেশ চিন্তায় পড়ে গেলেন। প্রিয়নাথ নিজে ততদিনে পেশাদার জিমনাস্টিক খেলোয়াড় হয়ে উঠেছেন।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর



শ্রীশ্রী অনুকূল ঠাকুর বললেন, মা নাহলে শক্তি কোথায় সেটা অনুভব করা যায় না। মা হলেই তবে শক্তি সঞ্চয় করা সম্ভব হয়। জীবনে চলতে

ঠাকুর রামকৃষ্ণওদেব



ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মানব ধর্ম হচ্ছে সবচেয়ে বড় ধর্ম। তার ওপরে আর কোনও ধর্ম নেই। গীতায় মানব ধর্মের কথা বলা হয়েছে। সেখানে বারবার একটা কথা বলেছে অসং পথ পরিত্যাগ করে সৎ পথকে অবলম্বন করো। তাহলে জীবনকে রক্ষা করতে সক্ষম হবে। জীবন ধন্য হতে থাকবে। জীবনকে শক্তিশালী করতে

আমেরিকার প্রেসিডেন্ট পদপ্রার্থী ফৌজদারি মামলায় অপরাধী ট্রাম্প বিশ্ব গণতান্ত্রিক পরিবেশে বিষাক্ত কীট



রবীন্দ্রকম্বার শীল বিশ্বের গণতান্ত্রিকতার সবচেয়ে ভয়ঙ্কর বিষয় হল আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁকে আবার প্রেসিডেন্ট হিসাবে প্রার্থী করা হচ্ছে। তিনি যদি আবার আমেরিকার প্রেসিডেন্ট হন তাহলে আমেরিকা তথা সারা বিশ্বের গণতান্ত্রিক দেশগুলি বিপদের মুখে পড়বে। কিন্তু আমেরিকার জনগণ এখন বলতে গেলে প্রায় অধিকাংশ লোকেরা ট্রাম্পের কোনও দোষ খুঁজে পান নি। তার একটি মাত্র কারণ হচ্ছে আমেরিকাবাসীদের কাছে ট্রাম্প একটি জনমুখী স্লোগান দিয়ে রেখেছেন ‘সেটা হচ্ছে’ আমেরিকা ফর আমেরিকান’। আসলে এই স্লোগান কতখানি ভয়ঙ্কর আমেরিকার মতো একটি উন্নত দেশের পক্ষে তা নিশ্চয় কাউকে বোঝাতে হবে না। আমেরিকার স্বাধীনতা যুদ্ধটা শুরু হয়েছিল গণতান্ত্রিক শাসন ব্যবস্থাকে প্রবর্তন করতে। ব্রিটিশ উপনিবেশবাদের হাত থেকে রেহাই পেতে জর্জ ওয়াশিংটন ইংরেজদের বিরুদ্ধে অস্ত্র ধরে ছিলেন আমেরিকাকে ব্রিটিশ শাসন থেকে মুক্ত করতে। তার আগেই ফরাসি বিপ্লব হয়ে গিয়েছে। ফরাসি বিপ্লবে আঁচ আমেরিকার স্বাধীনতা যুদ্ধের ওপরে এসে পড়ে। তার ফলে আমেরিকায় গণতান্ত্রিক শাসন ব্যবস্থার প্রবর্তন হয়। সেই গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় এসে উপস্থিত হয়েছিলেন আমেরিকার গণতান্ত্রিক প্রিয় প্রেসিডেন্ট আব্রাহাম লিন্কন। তিনি প্রেসিডেন্ট পদে বসেই সিন্ধান্ত গ্রহণ দাস প্রথার অবসান ঘটাতে হবে। আমেরিকার ক্রীতদাস প্রথার বিরুদ্ধে আমেরিকার মধ্যেই বিক্ষোভ দানা বাঁতে শুরু করে দিয়েছে। লেখা হয়েছে ‘আঙ্কেল’স টম কেবিন’ এর মতো বিশ্ব বিখ্যাত উপন্যাস। প্রেসিডেন্ট লিন্কন চিন্তা করলেন মাল্যবিকারকে আমেরিকার মধ্যে প্রতিষ্ঠিত করতে হবে। মাল্যাবিকারকে প্রতিষ্ঠা না করা গেলে আমেরিকার ভবিষ্যতে সেরা দেশে পরিণত হতে পারবে না। তাঁর কাছে তখন দুটো বন্ধ পথকে সবার জন্য খুলে দেওয়ার ভাবনা ছিল। সেই দুটো ভাবনা হচ্ছে একটি দাস প্রথার বিলোপ এবং অপরটি হচ্ছে কৃষ্ণাঙ্গদের ভোটদানের স্বীকৃতি। শ্বেতাদঙ্গরা সেই সময়ে ভোট দেওয়ার সাধিকার ছিল। কিন্তু আমেরিকার কৃষ্ণাঙ্গরা ভোট দিতে পারতো না। এমনকী তারোকে দ্বিতীয় শ্রেণির নাগরিক করে রাখা



হয়েছিল। বহু থেকে দেখা গিয়েছে যেদাসদের কোনও নাগরিক হওয়ার অধিকার ছিল না। তারা দাস শ্রমিক হিসাবে পরিচিতি লাভ করতো। দাসরা ছিল শ্রমিকদের চেয়েও একেবারে নিম্নস্তরে। আফ্রিকা থেকে হাজার হাজার কালো মানুষ নিয়ে এসে আমেরিকার ধনীরা তাদের বিনা পারিশ্রমিকে কাজে ব্যবহার করতো। চাষআবাদ থেকে শুরু করে পশুদের দেখভাল তারা করতো। এই দাসদের কোনও মারিলা ছিল না। তাদের জন্য সুচিকিৎসার ব্যবস্থা ছিল না। অসহায়ভাবে রাস্তায় পড়ে মারা যেত। একটি ছোট কুঠরিতে তাদেরকে খাততে দেওয়া হতো। খাবার বলতে ভাত আর তরকারি এসে ডাল। তাও আবার সবাইকে পেট ভরে খেতে দেওয়া হতো না। মালিকের ইচ্ছার ওপরে তাদের জীবন জীবিকা নির্ভর করতো। এই রকম ভয়াবহ পরিস্থিতি ছিল আমেরিকাতো। আমেরিকাকে কৃষ্ণাঙ্গ এবং দাসরা যাতে মানবাধিকার ফিরে পেতে পারে তার জন্য তিনি উদগ্রীব হয়েছিলেন। তিনি বুঝতে পেরেছিলেন যে আমেরিকার রেড ইণ্ডিয়ান, কৃষ্ণাঙ্গদের যদি গণতান্ত্রিক অধিকার না দেওয়া যায় তাহলে আমেরিকার গণতান্ত্রিক রাষ্ট্র হওয়ার কোনও অধিকার নেই। গণতান্ত্রিক অধিকার সবার জন্য। এটা কারোর ব্যক্তিগত সম্পত্তি নয়। আমেরিকার শ্বেতাদঙ্গরা গণতান্ত্রিক অধিকার ফিরে পাবে আর অশ্বেতাদঙ্গরা গণতান্ত্রিক অধিকার গ্রহণ করতে পারবে না এটা চলতে পারবে না। আমেরিকার প্রেসিডেন্ট লিন্কনের সঙ্গে এই নিয়ে সেনেটে বহুবার বিতর্ক হয়েছে। মার্কিন কংগ্রেসের আলোচনা হয়েছে। মার্কিন প্রেসিডেন্ট আব্রাহাম লিন্কন বারবার মার্কিন গণতান্ত্রিক ভাবনাকে স্বচ্ছতায়া পরিণত করার চেষ্টা করেছেন। সেই কারণে তিনি

ভারতআত্মার পুজারি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর

বিশেষ প্রতিবেদক

ছোটদের প্রতি রবীন্দ্রনাথের ছিল অফুরান ভালোবাসা। সে ভালোবাসায় কোনও খাদ ছিল না। অস্তর থেকে উৎসারিত। আশ্রম-পড়ুয়াদের জন্য কবির ভাষনা-দুর্ভাবনার অন্ত ছিল না। মধ্যরাত্রে হয়তো বৃষ্টি পড়ছে, বৃষ্টির শব্দে কবির ঘুম ভেঙে গিয়েছে, সবার আগে মনে পড়েছে ছাত্রাবাসে থাকা ছাত্রদের কথা। আহা, বেচারার! ছেলেগুলো নিশ্চিন্ত ঘরের চাল-গলে পড়া বৃষ্টির জলে ভিজছে। এমনটি মনে হওয়ার পরই বৃষ্টির জলে ভিজে যাওয়া ছাত্রদের সামাল দিতে কবি নিজে ভিজতে ভিজতে ছুটেছেন ছাত্রাবাসে, সে বর্ণনা আছে ঠাকুরবাড়ির বহুমাত্রা হেমলতা দেবীর লেখায়। আশ্রম-বিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন ভূপেন্দ্রনাথ সান্যাল। তাঁকে কবি জোড়াসাঁকো থেকে চিঠি লিখে নির্দেশ দিতেন, ছেলেদের কীভাবে যত্ন নিতে হবে। কখন স্নান করবেন, তেল মাখবেন, সে নির্দেশও থাকতে চিঠিতে। কবি জোড়াসাঁকোর থাকলে মন পড়ে থাকত ভালোবাসার শান্তিনিকেতনে। পড়ুয়াদের নিয়ে কত রকমের ভাবনা। সেসব ভাবনার কথা আশ্রম-অধ্যক্ষকে, আশ্রম-শিক্ষকদের কাউকে কাউকে জানাতেনও। রবীন্দ্রনাথ আশ্রম-বিদ্যালয় কড়া-হাতে চালাতেন। প্রশাসনিক কাজেও তিনি সুদক্ষ ছিলেন। বিদ্যালয়-পড়ুয়ার সব সময় তাঁর কাছে প্রাথম্য পেত। তাদের স্বার্থ দেখতেন সর্বদা। তাদের জন্য কতখানি ভালোবাসা ছিল, দৈনন্দিন নানা ঘটনায় বারবার স্পষ্ট হয়ে উঠত। ছাত্রদের কবি চোখে চোখে রাখতেন। কোন ছাত্রটি অসুখে পড়ছে, ওজন কমছে, সব থাকত তার নন্দদর্পণে। কোনও ছাত্র হয়তো পড়া বুঝতে পারছে না, পিছিয়ে পড়ছে; এমন হলে কবি নিজে তাকে পড়া বোঝাতেন। ছাত্রদের অসুখ-বিসুখ নিয়েও রবীন্দ্রনাথের উদ্বিগ্নতা গোপন



থাকত না। হোমিওপ্যাথিক বই দিতে, রোগের লক্ষণ মিলিয়ে ওষুধ দিতেন। ভূপেন্দ্রনাথ সান্যালের লেখায় আছে, ‘সকল শিক্ষকের সহিতই তাঁহার ব্যবহার বড় সময় ছিল। কিন্তু ছাত্রদের ক্ষতি হইতহেই বলিতে পারিলে তিনি তাঁহার প্রিয়প্রাপ্ত অধ্যাপকদিগকেও কার্য হইতে সরাইয়া দিতে বিলম্ব করিতেন না।’ ভূপেন্দ্রনাথ এই প্রসঙ্গে একটি ঘটনার কথা জানিয়েছেন। ঘটনাটি এরকম, পূজোর ছুটির পর আবাসিক ছাত্ররা ফিরে এসেছে। ফিরে এসেছেন শিক্ষক-অধ্যাপকরাও। যেমন প্রতি বছর ঘটে, সেবারও তেমনই ঘটেছিল। তখন কোনো ব্যতিক্রম ঘটেনি। পূজোর ছুটিতে আশ্রম-শিক্ষক জগদানন্দ রায়ও বাড়ি গিয়েছিলেন। হঠাৎ বিপত্তি, ফিরে আসা বিলম্বিত হয় তাঁর। জগদানন্দ শিলাইদহের জমিদারিতে কাজ করতেন। রবীন্দ্রনাথই সেচাকরির ব্যবস্থা করে দিয়েছিলেন। পরে কবিই তাঁকে আশ্রম-বিদ্যালয়ে শিক্ষক হিসেবে নিয়ে এসেছিলেন। পূজোর ছুটির পর সবাই আশ্রমে ফিরে এলেও জগদানন্দ আসেননি। তাঁর তখন নানা বিপর্যয়, সমস্যা। পুত্র-কন্যারা অসুস্থ। স্ত্রী প্রয়াত হয়েছেন। সমস্যায়া সমস্যায়া জেরবার জগদানন্দ খাশাময়ে ফিরে আসতে পারেননি। রবীন্দ্রনাথ এসব জানতেন না। দিনের পর দিন থেকপায় হয়েই অনুপস্থিত থেকেছেন জগদানন্দ। ছাত্রদের ক্ষতি হচ্ছে; একথা ভেবে কবি

উদ্বিগ্ন হয়েছেন, উত্তেজিত হয়েছেন। উত্তেজিত কবি ভূপেন্দ্রনাথ সান্যালকে জগদানন্দের উদ্দেশ্যে লেখা একটি চিঠি দিয়েছিলেন। বলেছিলেন, চিঠিটি জগদানন্দ রায়ের ঠিকানায় পাঠিয়ে দিতে। ভূপেন্দ্রনাথ সে চিঠি জগদানন্দকে না পাঠিয়ে নিজেই একটি চিঠি লিখেছিলেন। জানিয়েছিলেন, রবীন্দ্রনাথ ছাত্রদের কথা ভেবে তাঁর এই অনুপস্থিতিকে মেনে নিতে পারছেন না। সে চিঠি পেয়ে দ্রুত ফিরে এসেছেন জগদানন্দ। আসার পর রবীন্দ্রনাথের চিঠিটি ভূপেন্দ্রনাথকে দেখিয়েছিলেন তাঁকে। স্বভাবতই বিচলিত হয়েছিলেন তিনি। দৃশ্শস্তা নিয়েই বিদ্যালয়ের কাজ যোগ দিয়েছিলেন। রবীন্দ্রনাথ তাঁকে না দেখে ফলে জানালো দেখার পর কিছুই ক্লান্ত করেনি। জগদানন্দ রায় ফিরে আসায়, কাজে যোগ দেওয়ায়, ছাত্রদের কথা ভেবে বরং স্বস্তিবোধ করেছিলেন। আশ্রম-পড়ুয়াদের ঠিকমতো পড়াশুনারা হচ্ছে তো, তা নিয়ে রবীন্দ্রনাথ হাজার ব্যস্ততার মধ্যেও তেবেবেছেন। ছাত্রদের কোনওভাবে যেন ক্ষতি না হয়, সেবিষয়ে সবসময় সতর্ক থাকতেন কবি। একবার ভূপেন্দ্রনাথ বসন্ত রোগে আক্রান্ত তাঁর এক বন্ধুর শুশ্রুষা করেছিলেন। শেষ পর্যন্ত তাঁকে বাঁচাতেও পারেননি। রবীন্দ্রনাথ তা জানার পর ভূপেন্দ্রনাথকে আশ্রমে কিছুদিন অপসৃত বারখ করেছিলেন ছাত্ররা যদি আক্রান্ত হয় এই ভেবে।

দিলেন। এবং দাসদের মুক্তি দিলেন পাশাপাশি তাদেরকে আমেরিকার নাগরিক হওয়ার ব্যাপারে চিন্তা ভাবনা করতে শুরু করে দিলেন। শ্বেতাদঙ্গদের ভোটাধিকার থাকবে আর কৃষ্ণাঙ্গদের ভোটাধিকার থাকবে না সেটা তিনি মেনে নিতে পারলেন না। এর পরে তিনি পদক্ষেপ গ্রহণ করলেন আমেরিকার কৃষ্ণাঙ্গদের ভোটাধিকার দেওয়ার। সেই পথ রচনা করার সময়ে বেশ কিছু শ্বেতাদ্র প্রভাবশালী নেতাদের কাছে শত্রু বলে স্বীকৃতি লাভ করেন। তার ফলে তাঁকে হত্যা করা হয়েছিল। ১৮৬৫ সালে ১৫ এপ্রিল তিনি নিহত হলেন। এই মহান প্রেসিডেন্টের আসনে দ্বিতীয়বার বসার স্বপ্ন দেখতে শুরু করেছেন ডোনাল্ড ট্রাম্প। প্রথম বার যখন প্রেসিডেন্ট হয়েছিলে ট্রাম্প তখন তিনি নাকি রাশিয়ার গুপ্তচর সংস্থা কেজিবির হাত ধরে আমেরিকার প্রেসিডেন্ট হয়েছিলেন বলে জানা গিয়েছিল। তার কোনও প্রমাণ নেই। তবে আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট বারাক ওবামা একটি তদন্ত কমিটি তৈরি করে দিয়ে গিয়েছিলেন। সেই তদন্ত কমিটির কোনও অস্তিত্ব রয়েছে কিনা জানা নেই। আমেরিকার প্রাক্তন প্রেসি ডেন্ট ট্রাম্প আমেরিকার প্রেসি ডেন্টের আসনকে কলঙ্কিত করেছেন। তিনি প্রেসিডেন্ট থাকার সময়ে ব্লাক লাইভস আন্দোলন সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল। বিশ্বের গণতান্ত্রিকতার সবচেয়ে ভয়ঙ্কর বিষয় হল আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে আবার প্রেসিডেন্ট হিসাবে প্রার্থী করা। তিনি যদি আবার আমেরিকার প্রেসিডেন্ট হন তাহলে আমেরিকা তথা সারা বিশ্বের গণতান্ত্রিক দেশগুলি বিপদের মুখে পড়বে। কিন্তু আমেরিকার জনগণ এখন বলতে গেলে প্রায় অধিকাংশ লোকেরা ট্রাম্পের কোনও দোষ খুঁজে পাচ্ছেন না। তার একটি মাত্র কারণ হচ্ছে আমেরিকাবাসীদের কাছে ট্রাম্পের একটি জনমুখী স্লোগান ‘আমেরিকা ফর আমেরিকান’। রাশিয়ার সহায়তা নিয়ে ট্রাম্প আমেরিকার হয়েছিলেন কিনা তা প্রাক্তন প্রেসিডেন্ট বারাক ওবামা একটি তদন্ত কমিটি তৈরি করে দিয়ে যান। সেই তদন্ত কমিটির কোনও অস্তিত্ব রয়েছে কিনা জানা নেই। আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট আমেরিকার প্রেসিডেন্টের আসনকে কলঙ্কিত করেছেন। আমেরিকার জর্জ ফ্লয়েডকে আমেরিকার শ্বেতাদ্র পুলিশ গলায় হাঁটু দিয়ে চেপে হত্যা করেছিল। তার ফলে সারা বিশ্ব উত্তাল হয়ে উঠে। আমেরিকা আবার শ্বেতাদ্র এবং কৃষ্ণাদ্র বিভেদ এবং বিদ্বেষ দেখা দিতে শুরু করে। ফিফা এবং ইউরোপ ফুটবলে তার প্রভাব গিয়ে পড়ে। শেষ পর্যন্ত হাঁটু গেড়ে মানবজাতির প্রতি সন্মান প্রদর্শন করতে শুরু করে দিয়েছিল আমেরিকার পুলিশ। করোনা সংক্রমণ কালে আমেরিকার প্রেসিডেন্ট ট্রাম্প সবাই মান্স পরতে নিষেধ করেন। করোনা সংক্রমণের ব্যাপারে চিনের ওপরে দোষ চাপাতে চেষ্টা করেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে আর্থিক সাহায্য দেওয়া প্রায় বন্ধ করে দিয়েছিলেন। তিনি যখন প্রেসিডেন্ট পদে প্রার্থী হয়ে লড়াই করেছিলেন তাঁর প্রতিদ্বন্দী ছিলেন হিলারী ক্লিটন। আমেরিকার প্রেসিডেন্ট পদ প্রার্থী হিলারী ক্লিটন হওয়ার ফলে আমেরিকাবাসীরা তাকে সমর্থন করতে শুরু করে দিয়েছিল। কিন্তু কোনও ভোজবাজার ফলে ক্লিটন পরাস্ত হলেন এবং ডোনাল্ড ট্রাম্প আমেরিকার প্রেসিডেন্ট আসনে এসে উপস্থিত হলেন তা আজও রহস্য। আমেরিকার সবচেয়ে কলঙ্কয় প্রেসিডেন্ট হচ্ছেন ডোনাল্ড ট্রাম্প। তিনি করোনা সংক্রমণকালে ভারতকে হুমকি দিয়েছিলেন দ্রুত ওষুধ না পাঠালে তার ফল মারাত্মক হতে পারে। ভারতের মতো একটি ছোট দেশ তড়িৎবিড় করে জাহাজকে পরে করোনা প্রতিরোধ ওষুধ পাঠিয়ে দিবেছিল শুধু মাত্র আমেরিকার সঙ্গে ব্যবসায়িক সুসম্পর্ক বজায় রাখতে। সেই আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এখন আমেরিকার গণতান্ত্রিক শাসন ব্যবস্থার সবচেয়ে মারাত্মক শত্রুকে পরিণত হয়েছেন। তিনি আমেরিকার গণতন্ত্রকে একেবারে শেষ করে দিয়ে সেখানে শ্বেতরাত্ত্রিক শাসন ব্যবস্থা চালু রাখতে চান। আমেরিকার প্রেসিডেন্ট হওয়ার মতো তাঁর চরিগ্র নয়। তিনি প্রথম আমেরিকার প্রেসিডেন্ট যিনি ফৌজদারি মামলায় অভিযুক্ত হলেন একজন পূর্ব ভারতীয়ক যুয দেওয়ার অপরাধে। নিউ ইয়র্কের নিম্ন আদালতের ১২ সদস্যের জুরি অবশ্য আগামী ১১ জুলাই রায় ঘোষণা করবেন। তারপরে এই রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হবেন ট্রাম্প। সবাই বলতে শুরু করেছে ট্রাম্পের জাজবাস হতে পারে। আবার কেউ কেউ বলতে শুরু করেছে জরিমানা দিতে হতে পারে ট্রাম্পকে। আবার কেউ কেউ বলছেন যে ট্রাম্পের জেল

পাঠকের দরবারে

চিত্রশিল্পী পাবলো পিকাসো

প্যারিসের এক রেষ্টোরাঁয় একবার এক সুন্দরী ভদ্রমহিলা এক স্প্যানিশ চিত্রশিল্পীকে চ্যালেঞ্জ করেছিলেন- উনি কি ১ মিনিটে তার ছবি ঐকি দিয়ে পারবেন ?

সেই চিত্রশিল্পী ছবিটি আঁকার জন্য চুল, দাড়ি, নখ কেটে দিয়ে যেত। সময় নিলেন মাত্র ৩০ সেকেন্ড। সেই ভদ্রমাহালা ছবিটি নিয়ে যেতে চাইলে চিত্রশিল্পী সেটার মূল্য চাইলেন (যেটা স্বাভবিকের চেয়ে একটু বেশী মনে হচ্ছিল)। মহিলাটি চমকেজন্ডেস করলো- ভূমি ৩০ সেকেন্ডের জন্য এতো টাকা চাইছে ? সেই চিত্রশিল্পী জবাবে বলেন- ৩০ সেকেন্ডের কাজটার জন্য আমাকে ৩০ বছর সাধনা করতে হয়েছে। সেই সময়ের মূল্য কত হতে পারে ? ভূমিষ্ঠ হওয়ার পর ধারী ভেবেছিলেন মৃত শিশুর জন্ম হয়েছে। এই কারণে ধারী শিশুটিকে একটি টেবিলের উপর রেখে মায়ের সেবা-শুশ্রূষায় ব্যস্ত ছিলেন। এ সময় শিশুটিকে টেবিলের উপর তুলিয়ে নিয়ে থাকতে দেখে তার কাঁকা এগিয়ে আসেন এবং তার মুখে থাকা সিগারেরটা খোঁয়া শিশুটির মুখে নিক্ষেপ করে।মাত্রই শিশুটি নড়াচড়া দিয়ে উঠে। তার মা জানিয়েছেন শিশুটিকে হারিয়ে গিয়েছে। ‘পিজ’ আসলে ‘লাপিজ’ শব্দের শিশুতোষ সংক্ষিপ্ত উচ্চারণ। ‘লাপিজ’ অর্থ পেনসিল। তাঁর খ্যাতিতে সবচেয়ে অবাক হয়েছিল তাঁরশিক্ষক, কারণ তিনি তাকে মাত্র ১০ বছর বয়সে স্কুল থেকে বের করে দিয়েছিলেন। কারন সেই ছাত্র বর্ণমালার কোনও অক্ষর মনে রাখতে পারত না, ৭ কে বকতেন তাঁর মাঝে অব্যত করে চিকিৎসা জন্য কিছু টাকা দিয়েছিলেন। ফেরার সময় ভূপেন্দ্রনাথ-জননীকে বলেছিলেন, অর্থের জন্য যেন চিকিৎসার ক্রট না হয়। ‘আমের চিন্তা করতে হবে না, এই বলে কবি আশ্বস্ত করেছিলেন। টাকার প্রয়োজন হলে সে ব্যবস্থা তিনি করবেন।

জরিমানা দুই হতে পারে। তবে এই মামলাই শেষ নয়। এর পরেও রয়েছে আরও মামলা রয়েছে। ২০২০ সালে নির্বাচনী ফলাফল উল্টে দেওয়ার চেষ্টা এবং ক্যাপিটাল হিলের দাঙ্গায় উল্ক্ষানি দেওয়ার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। এই সব অপরাধ থেকে রেহাই পাওয়া খুবই মুশকিল। সেই কারণে তিনি এখন চেষ্টা করছেন প্রেসিডেন্ট হওয়ার। যদি একবার প্রেসিডেন্ট হতে পারেন তাহলে তার গায়ে যেসব দাগ লেগে রয়েছে তাকে একেবারে মুছে ফেলে দেওয়ার চেষ্টা করবেন। তবে সেটা হবে কিনা তা ভবিষ্যই বলতে পারে। তবে আজকে সবচেয়ে বড় বিপদের মধ্যে পড়ে রয়েছে আমেরিকার গণতন্ত্র। আগামী ৫ নভেম্বর আমেরিকার মানুষ তাদের আসল প্রেসিডেন্ট ২০২৪ সালের ৫ নভেম্বর আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচন। সেই নির্বাচনে তিনি রিপাবলিকান দলের হয়ে প্রার্থী হয়েছেন। রাজনৈতিক বিশেষজ্ঞরা দাবি করতে শুরু করেছেন যে ট্রাম্প দোষী সাব্যস্ত হলেও তিনি নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন। তবে একজন অপরাধকে আমেরিকাবাসীরা প্রেসিডেন্ট পদে নির্বাচন করবে কিনা তা নিয়ে প্রশ্ন থেকে যাচ্ছে। যদিও দেখতে পাওয়া যাচ্ছে যে ট্রামের নানো কোন ভাটা পড়েনি। আমেরিকাবাসীরা এখনও ট্রাম্পের পক্ষে রায় দিয়ে চলেছে। এদিকে ট্রাম্প নিজেকে রাজনৈতিক বন্দি বলে প্রচার করতে শুরু করেছে। শিল্পপতিরা এখন আমেরিকার গণতান্ত্রিক পরিবেশকে গ্রাস করতে এগিয়ে আসতে শুরু করে দিয়েছে। তারা মনে মনে বলতে শুরু করেছে শিল্পপতিরা তো দেশের আর্থিক অবস্থাকে সুস্থ এবং শক্তিশালী করে। তাতে শিল্পপতিদের কথায় এখন দেশ শাসন করা হবে। শিল্পপতিরা যা বলবে তাই দেশের প্রশ্রাপন শুনেবে। দেশবাসীকে তাই শুনে চলতে হবে। আজকে সবচেয়ে বড় বিপদের মধ্যে পড়ে রয়েছে আমেরিকার গণতন্ত্র। তার গলাকে টিপে ধরে দেওয়ার আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ট্রাম্প অপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন বলে বিশেষ সুখ থেকে জানতে পারা গিয়েছে। দেহা গলাকে টিপে ধরে শিল্পপতি না গণতন্ত্রে জয় হবে আমেরিকার। আমেরিকার জনগণের ওপরে নির্ভর করছে আমেরিকার গণতন্ত্র। আমেরিকার বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন আমেরিকার বিচার ব্যবস্থা এখনও পর্যন্ত স্বচ্ছ।

—লীনা চক্রবর্তী।



কলকাতার সেন্ট মেরিজ স্কুলে মাদারদের ভোট দান।- নিজস্ব চিত্র

পানীয় জলের সমস্যা নিয়ে বিজেপি মহিলা মোর্চার পুরনিগম ঘেরাওকে কেন্দ্র করে ধুমুমার পরিস্থিতি

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ জুন : পানীয় জলের সমস্যা নিয়ে পুরনিগম ঘেরাও কর্মসূচি গ্রহণ করলো বিজেপি মহিলা মোর্চা। পুরনিগম ঘেরাও কর্মসূচিকে কেন্দ্র করে ধুমু মার পরিস্থিতি। পুলিশের সঙ্গে ধস্তাধস্তি বাঁধে বিজেপি মহিলা মোর্চার। জানা গেছে, শনিবার শিলিগুড়ি বাঘাবতীন্ পার্কের সামনে থেকে বিজেপি মহিলা মোর্চার কর্মী-সমর্থকরা অভিনব কায়দায় মাথায় মাটির কলস এবং গৌতম দেবের কুশপুতুল হাতে

নিয়ে মিছিল করে পুরনিগমে যায়। পুরনিগমের সামনে কুশপুতুল দাখ করতে গেলে মহিলা পুলিশের সঙ্গে শুরু হয় বচসা, ধস্তাধস্তি। এরপর পুরনিগমের সামনে কলস ভেঙে ফোভ প্রকাশ করে মহিলা মোর্চার সদস্যরা। পরবর্তীতে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এদিনের মিছিলে উপস্থিত ছিলেন ডাবগ্রাম ফুর্বাতির বিধায়ক শিখা চ্যাটার্জি সহ অন্যান্য নেতৃত্বর। এদিন শিখা চ্যাটার্জি বলেন, শিলিগুড়ি পুরনিগমের বিষ জল খেয়ে প্রচুর মানুষ অসুস্থ হয়েছে আমরা সেই কথা মেয়রকে জানাতে এসেছিলাম। কিন্তু পুলিশ মহিলা মোর্চার কর্মী সমর্থকদের মারধর করেছে বলে অভিযোগ করেন তিনি। মেয়রের পদত্যাগের দাবি জানান। অন্যদিকে শিলিগুড়ি পুরনিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকার বলেন, বিভিন্ন রাজনৈতিক দল মিলে শহরের মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে।আমরা পানীয় জলের সংকট মোটানোর চেষ্টা করছি।

ডোমকলে তৃণমূলের প্রাক্তন কাউন্সিলরের বাড়িতে বোমাবাজির অভিযোগ

দূরন্ত বার্তা, মর্শিদাবাদ, ১ জুন : সপ্তম দফার ভোটের আগের রাতে ডোমকলে তৃণমূলের প্রাক্তন কাউন্সিলরের বাড়িতে বোমাবাজির অভিযোগ উঠেছে। বাম-কংগ্রেস জোট আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে অভিযোগ তুলেছে তৃণমূল। একটি সকেট বোমা বাড়িতে রেখে যাওয়া হয়েছে বলে অভিযোগ তুলেছেন তৃণমূল নেতা। ঘটনায় কেউ জখম না হলেও চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। শুক্রবার গভীর রাতে ডোমকল পুরানভার ৬ নম্বর ওয়ার্ডের হারুর্নপাড়ায় বোমাবাজির ঘটনা ঘটে। ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিল নুরাবুল ইসলামের বাড়িতে বোমাবাজি করা হয় বলে অভিযোগ। বাম-কংগ্রেস জোটের দিকে অভিযোগ তুলে নুরাবুল বলেন, রাজনৈতিক ভাবে মোকাবিলা করতে না পেরে বাম-কংগ্রেস দুষ্কৃতি দিয়ে বাড়িতে হামলা করিয়েছে। যাতে আমি বাড়ি থেকে বেরতে না পারি তার জন্য এই কাজ করেছে ওরা। প্রাক্তন কাউন্সিলর জানান, তার বাড়ির সিসি ক্যামেরার ফুটেজে দেখা গেছে, একই বাইকে দুই দুষ্কৃতি জলঙ্গির দিক থেকে এসে বাড়ির ভিতরে পর পর তিনটে সকেট বোমা ফাটিয়ে চম্পট দেয়। একটি বোমা ফেলে রেখে গেছে। দুষ্কৃতিদের মাথায় হেলমেট থাকায় তাদের মুখ দেখা যায়নি বলে দাবি তার। বোমাবাজির ঘটনায় কাউন্সিলরের ব্যবহৃত গাড়ির কাঁচ ভেঙে গেছে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার রাত দুটোর দিকে দুষ্কৃতীরা এলাকায় বোমাবাজি করে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বিশাল পুলিশ বাহিনী। ফেলে রাখা সকেট বোমা নিষ্ক্রিয় করেছে তারা। ভোট গণনার ক’দিন আগের এই ঘটনায় রীতিমতো চাঞ্চল্য দেখা দিয়েছে এলাকায়।

পুরুলিয়ায় ওভারহেডের তার ছিঁড়ে জখম ২, দীর্ঘক্ষণ ব্যাহত ট্রেন চলাচল

দূরন্ত বার্তা, পুরুলিয়া, ১ জুন : বড়সড় ট্রেন দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল নীলচল এক্সপ্রেস। চলন্ত অবস্থায় ট্রেনের ওভার হেড তার ছিঁড়ে বিপত্তি। সুইসা স্টেশনের অদূরে নীলচল এক্সপ্রেস ট্রেনটি দুর্ঘটনার কবলে পড়ে। রেল ও স্থানীয় সূত্রে জানা গেছে, দিল্লি -পূবী নীলচল এক্সপ্রেস এদিন সকালে দিল্লি থেকে পুরীগামী ওই ট্রেন রাঁচি দিক থেকে টাটার দিকে যাচ্ছিল। সেই সময় রাঁচি রেল শাখার অন্তর্গত পুরুলিয়ার বাঘমুন্ডি ব্লকের সুইসা রেল স্টেশনে ট্রেনটি পার হতেই চলন্ত ট্রেনের হঠাৎ ইঞ্জিনের পেটোগ্রাফ ভেঙে ওভার হেডের বিদ্যুতের তার ছিঁড়ে পড়ে। এই অবস্থায় ওই ট্রেনে থাকা দুই রেল যাত্রী ছেঁড়া তার থেকে গুরুতর আহত হন। ঘটনাস্থলেই রক্তজ্ব হন তারা। গোটা ঘটনায় ট্রেনে থাকা যাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পরে। তাদের উদ্ধার করে জিআরসি, আরপিএফ, সুইসা ফাঁড়ির পুলিশ ও স্থানীয় মানুষজনের সহযোগিতায় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অন্যদিকে ওভার হেড তার ছিঁড়ে পড়ায় ওই রেল পথে ট্রেন চলাচল বন্ধ হয়ে পরে।

৩৫ গ্রাম মরফিন সহ গ্রেফতার ১

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ জুন : ৩৫ গ্রাম মরফিন সহ গ্রেফতার ১ যুবক। গতকাল খড়িবাড়ির পানিট্যাঁকি সংলগ্ন প্রসাদু জোত মাড়ে গোপন সূত্রে খবর পেয়ে এক যুবককে আটক করে এসএসবি ৪১ নং ব্যাটেলিয়নের জওয়ানরা। আটক যুবককে তল্লাশি চালিয়ে ৩৬ গ্রাম মরফিন উদ্ধার করা হয়। পরে ওই যুবককে খড়িবাড়ি পুলিশের হাতে তুলে দেয় এসএসবি। ধৃতের নাম মুকুল রায় (৩২), পানিট্যাঁকি গৌড়সিংজোতের বাসিন্দা। ধৃতকে এদিন শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়েছে। উল্লেখ্য, ধৃত যুবক এর আগেও খড়িবাড়ি পুলিশে হাতে মাদক সামগ্রী সহ গ্রেফতার হয়েছিল। ধৃতকে রিমান্ডে নিয়ে তদন্তে নামবে পুলিশ।

উদ্ধার বিদেশী মদ, গ্রেফতার ২

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ জুন : একমাস কাটতে না কাটতেই ফের সাফল্য পেল বাগভোগরা থানার সাদা পোশাকের পুলিশ। অভিযান চালিয়ে গাড়ির গোপন চেষার থেকে উদ্ধার করলো প্রচুর পরিমানে বিদেশী মদ। পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সূত্রের খবরের ভিত্তিতে পুলিশ জানতে পারে যে একটি আসাম নাভারের ট্রাক প্রচুর বিদেশী মদ নিয়ে বিহারের উদ্দাশা যাচ্ছে। শনিবার ১২ টা নাগাদ বড়গছের মুনি টি এস্টেট এর সামনে গাড়িটিকে থামিয়ে বাগভোগরা থানার সাদা পোশাকের পুলিশ তল্লাশি চালাতে গিয়ে দেখে যে গাড়িটি পুরো খালি। তার পরেই হাড়িটিকে তল্লাশি চালালে গারি পেছনে থাকা গোপন চেষার থেকে উদ্ধার হয় ১৭০৪ বোতল বিদেশী মদ। যার বাজার মূল্য প্রায় ৫ লক্ষ টাকা। গ্রেফতার করা হয় ইয়াজুল হক (২৬),৩ সামসুল হক (৩২) নামে দুই পাচারকারীকে। ধৃতদের শনিবার শিলিগুড়ি মহকুমা আদালতে পাঠিয়ে তদন্তের স্বার্থে ৭ দিনের রিমান্ডের আবেদন জানাবে পুলিশ।

ঝড়ে আবারও বিধ্বস্ত ময়নাগুড়ি! গাছ পড়ে বিদ্যুৎহীন বহু জায়গা, ভেঙেছে বহু ঘরবাড়ি

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১ জুন : মাত্র কয়েক মিনিটের ঝড়ে লভভন্ড ময়নাগুড়ি ব্লকের বিভিন্ন এলাকা। ক্ষতিগ্রস্ত হয়েছে বাড়িঘর-সহ গাছপালা ও চাষজমি। এদিন শনিবার ভোরে কয়েক মিনিটের ঝড়ে জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকের বিভিন্ন এলাকায় ক্ষতিগ্রস্ত হয়েছে

প্রচুর বাড়িঘর গাছপালা ইলেক্ট্রিকের পোলা বিভিন্ন জায়গায় ইলেক্ট্রিকের তার ছিঁড়ে গেছে। কারও বা ছাদের উপরে গাছ পড়ে রয়েছে। বিভিন্ন রাস্তার উপরে গাছপালা এবং ইলেকট্রিক তার ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে। ফলে, বিভিন্ন রাস্তায় যান চলাচল বিঘ্ন ঘটে। একটি বাড়ির শ্রদ্ধা অনুষ্ঠানের প্যাশ্বেল উড়িয়ে নিয়ে গেছে ঝড়। এখনও পর্যন্ত এই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। ময়নাগুড়ি ব্লক-সহ ময়নাগুড়ি ওভারব্রিজ, সাহাপাড়া, বিভিন্ন অফিস-সংলগ্ন, বিভিন্ন জায়গায় বড় বড় গাছ পড়ে অনেক ঘরবাড়ি ভেঙে যায়। ময়নাগুড়ি সিপিআইএম পাটি অফিসের একটি পুরনো গাছ ভেঙে পড়ে পাটি অফিসের উপরে। এর জেরে ভেঙে যায় পাটি অফিসের কিছুটা অংশ। কদিন আগেই এ অঞ্চলে ঘোর বর্ষা ও প্লাবনের চেষারা দেখা গিয়েছিল। এখনও সেভাবে বর্ষা শুরু হয়নি। নিম্ন চাপের প্রভাবে প্রাক বর্ষায় ডুয়ার্স-সহ উত্তরের পাহাড়ি এলাকায় শুরু হয়েছিল বৃষ্টি। মঙ্গলবার বিকেল থেকে উত্তর সিকিমের পাহাড়ি এলাকায় শুরু হয়েছিল প্রবল বৃষ্টি। রাত বাড়তেই ফুলেফেঁপে উঠেছিল পাহাড়ি ঝোরা ও নদীগুলি। সেই সব ঝোরা ও নদীর জলরাশি এসে পড়ে তিস্তায়। ফলে তিস্তার জলস্তর অনেকটা উই বেড়ে যায়। রাত বাড়তেই সেই জলধারা তিস্তা দিয়ে বয়ে এসেছিল নিম্ন-অববাহিকা এলাকায়। রেমালের প্রভাবে সিকিমে হওয়া ভারী বৃষ্টির জেরে মঙ্গলবার রাত থেকে তিস্তা নদীতে জল বেড়েছিল। রাতেই তিস্তা ব্যারেজ থেকে প্রায় ২ হাজার কিউসেক জল ছাড়া হয়। এর জেরে গতকাল, বুধবার তিস্তা নদীর জলস্তর বেয়ে যায়। প্রশাসনের পক্ষ থেকে মাইকিং করে অ্যালাট করা হয়। মাল ব্লকের বাগরাকোট গ্রাম পঞ্চায়েতের টেটগাঁও বস্তির কৃষিজমি ভরে গেছে

ফলাফলের প্রাক্কালে মালদা উত্তরে মন্ত্রীর গড়ে অন্তর্যাতের আশঙ্কা তৃণমূলের অন্দরেই

দূরন্ত বার্তা, মালদা, ১ জুন : ঠিক সেই মুহূর্ত সামনে আসতে চলেছে এঞ্জিট পোলা সেই সময় অন্তর্যাতের আশঙ্কা তৃণমূলের অন্দরে। অনেকেই ভোট ক’রান নি দলের হয়ে। যোগাযোগ রেখেছেন অন্য দলের সঙ্গে। খোদ সেই কথা বলেনলেন দাপুটে তৃণমূল নেতা। যদিও তারপরও ভালো ফলাফলের ব্যাপারে আশাবাদী তৃণমূল। এদিকে এই প্রসঙ্গে সরাসরি কিছু না বললেও তীর কটাক্ষ কংগ্রেস এবং বিজেপির গলায়। লোকসভার ফলাফলের পর তৃণমূল অতীত হয়ে যাবে দাবি বিজেপির। রাহুল গান্ধীর পাশে থাকতে অনেকেই কংগ্রেসের সঙ্গে ছিল মত কংগ্রেস প্রার্থীরা। অপেক্ষা আর তিন দিনের। তারপরেই জানা যাবে সিল্লির মসনদে কে বসছে। জেলা জুড়ে এই নিয়েই চলছে চর্চা। সাথে মালদাবাসীর কৌতুহল জেলার দুই আসন নিয়েও। মালদা উত্তরের আসনে ত্রিমুখী লড়াইয়ে হাড্ডাহাড্ডি লড়াই হবে বলে মনে করছে রাজনৈতিক ওয়াকিবহল মহল। প্রত্যেক প্রার্থীই জেতার ব্যাপারে বেশ আত্মবিশ্বাসী। তৃণমূল প্রার্থী প্রসুন বার্নাল্জি লক্ষাধিক ভোটে জয়ের দাবি বারবার করছেন। তবে

কালীমন্দিরে চুরি মায়ের লক্ষাধিক টাকার গহনা সহ বাসনপত্র, চাঞ্চল্য এলাকায়



দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ জুন : চা বাগানের গোড়াউন ও পাশে থাকা কালীমন্দিরে সোনার গহনা চুরির ঘটনায় রীতিমতো চাঞ্চল্য গোটা এলাকায়। মায়ের লক্ষাধিক টাকার গহনা সহ বাসনপত্র নিয়ে চম্পট চোরের দল। শিলিগুড়ি মহকুমা ফাঁসিদেওয়া ব্লকের পেটকি সমাজ বন্ধু ক্লাবের কালীমন্দিরে রাতের অন্ধকারে কে বা কারা তালা ভেঙে মায়ের গহনা সহ বেশ কিছু তামা ও পিতলের বাসনপত্র নিয়ে চম্পট, এরই পাশাপাশি মন্দিরের পিঠাল কাটা একটি চা বাগানের গোড়াউনে ও চুরি করে চোরের দল। সেই গোড়াউন থেকে প্রায় পঁচিশ হাজার

টাকার চা বাগানে দেওয়ার ওষু্য ও চা বাগানে স্প্রে করার একটি মেশিন চুরি করে নিয়ে যায়। জানা যায় শনিবার মন্দিরে পুরোহিত পূজো দিতে এলে মন্দিরের দান বাস্ক ও মন্দিরের দরজার তালা ভাঙ্গা অবস্থায় দেখতে পায়। এর পরই গ্রামের লোকজনকে ডেকে বিষয়টি দেখানোর পর খবর দেওয়া হয় ফাঁসিদেওয়া থানার পুলিশকে, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে সমস্ত বিষয়টি তদন্ত শুরু করেছে। তবে মায়ের মন্দিরে থাকা দান বাস্কে প্রায় কুড়ি হাজার টাকা নগদ ছিল ও মায়ের গায়ে পরনে কানের দুল, গলার হার, হাতের চুরি ও বেশ কিছু সোনার গহনা চুরি করে নিয়ে যায় । মন্দিরে চুরির ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়িয়ে পড়ে গোটা এলাকায়। তবে কে বা কারা এই ঘটনা ঘটালো সেটা এখনো জানা যায়নি। মন্দির কর্তৃপক্ষ জানায় পুরোহিত পূজো দিতে এসেই সমস্ত ঘটনা জানা যায়, মন্দিরের দান বাস্কে প্রায় কুড়ি হাজার টাকার মতো পড়েছিল সেটিও চুরি করে নিয়ে যায়। প্রত্যেক বছর বাৎসরিক পূজার সময় এই দান বাস্কর টাকা দিয়ে দুঃস্থ গরিব বাচ্চাদের পড়াশুনার করার সামগ্রী কিনে দেওয়া হত এই বছর সেটা হয়তো সম্ভব হবে না এর পিছনে যারা রয়েছে তাদের কঠোর শাস্তির ও দাবি করেছেন তারা।

দিদিকে কুপিয়ে খুন, অভিযোগ ভাইয়ের বিরুদ্ধে

দূরন্ত বার্তা, নদীয়া, ১ জুন : সম্পত্তি নিয়ে বিবাদে দিদিকে খুন করার অভিযোগ উঠল ভাইয়ের বিরুদ্ধে। অভিযোগ, হাঁসুয়া দিয়ে ভাই কুপিয়ে খুন করেন দিদিকে। ঘটনাস্থলেই মৃত্যু হয় মণি ঘটক (৪৬) নামে মহিলার। অভিযুক্ত ভাইকে গ্রেফতার করেছে পুলিশ। নদীয়ার চাপড়া থানা এলাকায় ঘটনা। সন্ত খবর, চাপড়া থানার আড়ং সরিষার বাসিন্দা মণি দীর্ঘ দিন ভিনবাজ্যে কর্মরত।

মোবাইল চুরি করতে এসে গণধোলাই খেলো এক যুবক

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১ জুন : শুক্রবার ছিল ময়নাগুড়ির হাট। আর সেই হাটেই এক ব্যক্তির পকেট থেকে মোবাইল চুরি করতে এসে হাতে নাতে ধরা পড়লো এক যুবক। বাজারে থাকা মানুষ দ্রুত তাকে ধরে দিতে শুরু করেন গণধোলাই। এদিকে ঘটনার খবর পেয়ে পুলিশ ওই যুবককে উদ্ধার করে থানায় নিয়ে আসে। এই ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়ায় শুক্রবার রাতে। জানা গেছে, মর্শিদাবাদ এলাকার এক ব্যক্তি ময়নাগুড়িতে তার দিদির বাড়ি ঘুরতে এসেছিলেন। সেখান থেকে সন্ধ্যায় ময়নাগুড়ি বাজারে আসেন ভাগ্নার সাথে। কিছুক্ষণ পরে সেই ব্যক্তি পকেট

হাত দিয়ে দেখেন তার মোবাইল ফোনটি নেই। তার কিছুক্ষণের মধ্যেই এক সবজি বিক্রেতার দোকানে দুই ক্রেতার মাঝখানে ঢুকে পকেট থেকে মোবাইল ফোন বের করার চেষ্টা করে অভিযোগ। তৎক্ষনাত মোবাইল মালিক সেই যুবককে ধরে ফেলে। বাজার চরে রীতিমতো উত্তেজনা ছড়িয়ে পড়ে। বাজারে থাকা মানুষজন সেই যুবককে ধরে গণধোলাই দিতে শুরু করেন। খবর পৌঁছায় ময়নাগুড়ি থানায়। পুলিশ এসে ওই যুবককে আটক করে থানায় নিয়ে যান। এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায় ময়নাগুড়ি বাজার এলাকায়।

আশাবাদী তৃণমূলের শীর্ষ নেতৃত্ব।

তাদের দাবি হরিশ্চন্দ্রপুর সহ সম্পূর্ণ উত্তর মালদায় ভোট খুব ভালো হয়েছে। তৃণমূলের জয় শুধু সময়ের অপেক্ষা। তবে ভোটের পর বিজেপিতে যোগদানের ব্যাপার অপপ্রচার বলে দাবি তৃণমূলের। প্রসঙ্গত ফলাফলের আর দুই দিন বাকি। সামনে আসতে চলেছে এঞ্জিট পোলা। তার আগেই অন্দরে এই আশঙ্কা চাপ বাড়াবে তৃণমূলের। এই প্রসঙ্গে জেলা পরিষদ সদস্য বুলবুল খান বলেন, অনেকে দলের হয়ে ভোট করায়নি। সবার তালিকা রয়েছে। ফলাফলের পর ব্যবস্থা নেওয়া হবে। তবে তারপরেও আমাদের বড় লিড থাকবে। কংগ্রেস প্রার্থী মোস্তাক আলম জানান, অন্য দলের ব্যাপারে বিশেষ কিছু বলব না। তবে তৃণমূল তো এই ভোটো ফ্যান্টার না। তাই বিজেপির বিরুদ্ধে রাহুল গান্ধীর পাশে থাকতে অনেকেই আমাদের সঙ্গে ছিল। বিজেপি নেতা রুপেশ আগরওয়ালের কটাক্ষ, তৃণমূল তো একটা প্রাইভেট লিমিটেড কোম্পানি। ভোটের পর উঠে যাবে। এটা ওদের ভোটাররা বুঝতে পারছে। লোকসভা ভোটের পর তৃণমূল অতীত।



পশ্চিমবঙ্গের দমদম লোকসভা কেন্দ্রের প্রবীণ এক দম্পতি মতাধিকার প্রয়োগের পর (ছবিঃ পিআইবি, কলকাতা)

হাত-পা বাঁধা অবস্থায় এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করল পুলিশ

দূরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১ জুন : ফলাকাটা থানার অন্তর্গত জলদাপাড়া জাতীয় উদ্যান লাগোয়া কালীপুর এলাকার একটি মাঠ থেকে হাত-পা বাঁধা



এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করল ফালাকাটা থানার পুলিশ। মৃত ওই ব্যক্তির নাম দিলীপ সরকার (৩৫)। কেচবিহার জেলার পুটিমারির বাসিন্দা, পেশায় দর্জি ছিলেন। জানা গেছে শুক্রবার দুপুরে বাড়ি থেকে ফালাকাটার উদ্দেশ্যে দুপুরে বের হন। শনিবার ওই ব্যক্তির হাত-পা বাঁধা মৃতদেহ উদ্ধার হয় ফালাকাটা থানার অন্তর্গত

জলদাপাড়া জাতীয় উদ্যান লাগোয়া কালীপুর এলাকার একটি মাঠ থেকে। প্রাথমিক তদন্তের পর পুলিশের অনুমান ওই ব্যক্তিকে পরিকল্পিত ভাবে খুন করা হয়েছে। তবে ঠিক কী কারণে তাকে খুন হতে হলে তা নিয়ে ধন্দে রয়েছেন পুলিশ কর্তারা। মৃতদেহ উদ্ধার করে আলিপুরদুয়ারে পাঠানো হয়েছে ময়নাতদন্তের জন্য। তবে পরিবার সূত্রে জানা গেছে সে বাড়ি থেকে এক লাখ টাকা নিয়ে বেরিয়েছিল। তদন্ত শুরু করেছে পুলিশ।

মানুষের পাশে শহর যুব তৃণমূল কংগ্রেসের সভাপতি ওয়াসিম

দূরন্ত বার্তা, বীরভূম, ১ জুন : ৫ তাল গাছ থেকে পড়ে জখম হয় নলহাটি থানার বৃদ্ধং গ্রামের উচ্চ মাধ্যমিকের ছাত্র সৈয়দ আবু রাজ্জাক। উঁচু গাছ থেকে পড়ে গিয়ে কামের থেকে

পায়ের নিচে পর্যন্ত গুরুতর চোট পায় রাজ্জাক। একটা বেসরকারি হাসপাতালে ভর্তি হলে, প্রায় ১২ থেকে ১৫ লক্ষ টাকা দাবি করে তারা। তাতে পরিবারের সামর্থ্য না থাকায় রাজ্জাকের পরিবারের লোকজন যোগাযোগ করেন রামপুরহাট শহর য়ুব তৃণমূল কংগ্রেসের সভাপতি ওয়াসিম আলী ভিক্টরের সঙ্গে। তাঁর ভরসায় আশ্বস্ত হয়ে রামপুরহাট মেডিকেল কলেজে ভর্তি হয় রাজ্জাক। ওয়াসিম আলী ভিক্টর তার যুবদের নিয়ে রামপুরহাট মেডিকেল কলেজ ও হাসপাতালের চিকিৎসকদের সঙ্গে আলোচনা করে রিকিসার ব্যবস্থা করেন। চিকিৎসক এমদাদ হোসেন, সুদীপ মণ্ডল, অনুর কোয়াল, সব্যসাচী, এমডি সন্দিগ্লান্ন, বিপ্লব সরকার, জটিল অপারেশন করেন। ৯ জনের চিকিৎসক দল, ৯ ইউনিট রক্ত দিয়ে একটা জটিল অস্ত্রোপচার করেন। শনিবার উচ্চ মাধ্যমিকের ছাত্র সৈয়দ আবু রাজ্জাক সুস্থ হয়ে বাড়িতে আসেন।

ধরা পরল কেজিএফ গ্যাং এর সদস্য অলোক দাস



দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ জুন : শিলিগুড়ির রামকৃষ্ণ মিশন কাণ্ডে এবার ধরা পরল কেজিএফ গ্যাং এর সদস্য অলোক দাস। অলোক দাস ওকে ছোট্টকে গ্রেফতার করল স্পেশাল অপারেশন গ্রুপ। শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের ডক্টিনগর থানা এলাকা থেকেই তাকে গ্রেপ্তার করে স্পেশাল অপারেশন গ্রুপ। শুক্রবার রাতে তাকে গ্রেপ্তার করে তুলে দেওয়া হয় ডক্টিনগর থানার পুলিশের হাতে। ডক্টিনগর থানার পুলিশ সূত্রে জানা গেছে সেবক রোডের রামকৃষ্ণ মিশনের জমি দখল এবং মহারাজদের প্রাণশংকর হুমকি সহ নানান অভিযোগ রয়েছে অলকের বিরুদ্ধেও। ইতিমধ্যেই এই রামকৃষ্ণ মিশন কাণ্ডে বেশ কয়েকজনকে গ্রেফতার করেছে ডক্টিনগর থানার পুলিশ। সম্প্রতি রামকৃষ্ণ মিশনের জমি দখল এবং মহারাজদের আশ্রম থেকে বের করে দেওয়ার হুমকির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছিল রাজ্যজুড়ে। গোটা ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছিলেন মুখ্যমন্ত্রী। বিষয়টি নিয়ে শিলিগুড়ির মেয়র গৌতম দেব ময়দানে নেমেছিলেন। পুলিশ প্রশাসনকে কড়া হাতে ব্যবস্থা নেওয়া নির্দেশ দেওয়া হয়েছিল। অবশেষে এক এক করে সকল অপরাধীদের গ্রেপ্তার করার চেষ্টা চালাচ্ছে ডক্টিনগর থানার পুলিশ। পাশাপাশি এই ঘটনার তদন্তে নেমেছে স্পেশাল অপারেশন গ্রুপও। অপরদিকে রামকৃষ্ণ মিশনের মহারাজদেরকে ওই আশ্রমে ঢুকিয়ে পুলিশ প্রশাসনকে তাদের নিরাপত্তা দেওয়ার নির্দেশ দেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। তবে এই ঘটনায় মূল অভিযুক্ত বেশ কয়েকজন এখনো ফেরার তাদের পোঁছে চলেছে তল্লাশি।

আট জেলাতেই ঝড়বৃষ্টির সম্ভাবনা

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১ জুন : ৭ জুন, অর্থাৎ আগামী শুক্রবার পর্যন্ত উত্তরবঙ্গের আট জেলাতেই ঝড়বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে হাওয়া অফিস। হাবুকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। আবহাওয়া দফতর সূত্রে শনিবার উত্তরের আট জেলাতেই ভারী বৃষ্টির জন্য হলুদ সতর্কতা জারি করা হয়েছে। রবিবার আলিপুরদুয়ার, কোচবিহারে ভারী বৃষ্টির জন্য কমলা সতর্কতা জারি করা হয়েছে। দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, উত্তর দিনাজপুরে জারি হলুদ সতর্কতা।

বিজ্ঞপ্তি
এতদ্বারা জানানো যাচ্ছে যে আমার মজেল শ্রী বঙ্গা মন্ডল পিতা শ্রী লক্ষ্ম মন্ডল। সাক্ষি ৪৯৬ / সি দিমার ইলেক্ট্রিক অফিস লারাবাজার বিয়েগাটা বাকুড়া পোস্ট থানা ও জেলা বাকুড়া, ইংরাজি ৩৩।০৮।১২০২ তারিখে বাকুড়া ডি এস আর অফিসের ০১০১০০২৬৪ / ২০২৬ নং রেং ব্লক সোল কোলো দলিল মূলে সাক্ষি- গণেরবন, পোঃ- ভান্ডা, থানা ও জেলা- বাকুড়া নিবাসিনী শ্রীমতি রেখা নন্দী স্বামী শ্রী ভবেন নন্দী এরকে ভগ্নহার নন্দী এর পক্ষ নিয়ে শ্রী বঙ্গী আমোক্তার চিত্তরঞ্জন গরাই পিতা স্বর্গীয় বন্ধুহরিলা গরাই, সাক্ষি- পান্ডুর পাগোয় হাউস মোড়, বাকুড়া, পোঃ, থানা ও জেলা- বাকুড়া, গত ইংরাজি ২৮।০১।২০১৯ তারিখে বাকুড়া এ.ডি . এস. আর অফিসের ৪১ নং বইর ০১০২০০০৪১ / ২০১৯ নং রেং কৃত আমোক্তারনানা দলিল দ্বারা উক্ত দলিল মূলে থানা ও জেলা বাকুড়া সাক্ষি, ২০২ নং থানাওয়ার এক্তেশ্বর মৌরার মধ্যে বর্তমান হাল এস. আর মাপে ১১৬৪ নং খতিদানুক্ত সাক্ষক ও হাল ৬১৬ নং দাগে ০.০৩২২ একর বা ৩.২২ শতক জমির গ্রহণ করিয়ানি। উক্ত জমির লইয়া কোন প্রকার আপত্তি থাকলে উপরুক্ত তথ্য প্রমাণ লইয়া আগামী ৩০ দিনের মধ্যে বি.এল.এন্ড.এল.আর.ও বাকুড়া ২ নং অফিসে অভিযোগ জানাইবেন। অন্যথায় আমার মজেল তদ্বার নিজ নামে উত্তর দলিল বলে নামপর্জন করাইবেন।

PUBLIC NOTICE					
NOTICE FOR LOSS OF HIMADRI SPECIALTY CHEMICAL LTD SHARES					
Notice is hereby given that I, U RADHAKRISHNA BHAT , have lost the following share certificates of Himadri Specialty Chemical Ltd (Formerly known as Himadri Chemicals & Industries Limited) and applying to the Company for issue of duplicate share certificates:					
Folio No.	Name of Holders	No of Shares	Certificate No	Distinctive No.em From	To
B\04081	U Radhakrishna Bhat	100	0017524	003635501	003635600
		100	0022420	004125101	004125200
The public is hereby warned against purchasing or dealing with the above share certificates in any way and any person (s) who has any claim in respect of these shares, must lodge such claim with the Company at its Registered Office at 23A, Netaji Subhas Road, 8th Floor, Suite No. 15, Kolkata- 700 001 , within 21 days from the date of this publication.					
Place: Jadavpur, Kolkata				U RADHAKRISHNA BHAT	
Dated: 21.05.2024				Name of the shareholder	

ডার বিজ্ঞপ্তি নং. টি/৩১২/স্টাফ/এপি
শ্রী শিলাঞ্জিৎ সীল, পি/ম্যান/পি/সিউডেড, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে, ৩১-০৮-২০২৩ সাল থেকে অনুমোদিতভাবে তার দায়িত্ব থেকে অনুপস্থিতি অবশ্যে, পরবর্তীকালে এই অফিসের পক্ষ থেকে তার বিরুদ্ধে ডিগ্রন্ড-এয়ার বৈধতা দেওয়া হয়েছে, নং. টি/৩১২/স্টাফ/এপি, তারিখ ১৬-০১-২০২৩ -এ উল্লেখ্য। তত্ত্বও আজ পর্যন্ত তার কাছ থেকে কোনো উত্তর পাওয়া যায়নি।
তাই, শ্রী শিলাঞ্জিৎ সীলকে এতদ্বারা তার প্রতিনিধিত্ব/প্রতিকার, যদি কিছু থাকে, এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে, অ্যান্টিসিট অ্যাপারেশনস ম্যানেজার/অলিপুরদুয়ার জং, অফিসে জমা দেওয়ার আরও একবার সুযোগ দেওয়া হল, অন্যথায় তার বিরুদ্ধে এক পক্ষ সিদ্ধান্ত নেওয়া হবে।

আনুসঙ্গিক অপারেশন ম্যানেজার, আলিপুরদুয়ার জং.

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রস্ন চিত্রে মাদুঘর সেবার

খাওয়া-দাওয়া

কলাপাতায় কখনো আমড়ালের পাতুরি করে খেয়েছেন, রইল রেসিপি



উপকরনঃ বুটের ডাল মিহি বাটা আধা কাপ, নারকেল মিহি বাটা আধা কাপ, কাঁচা মরিচবাটা ১ চা-চামচ বা স্বাদমতো, লবণ পরিমাণমতো, আশু কাঁচা মরিচ প্রয়োজনমতো, হলুদের গুঁড়া আধা চা-চামচ, কাঁচা আমবাটা ৩ চা-

চামচ, শর্ষের তেল সিকি কাপ, সাদা শর্ষেবাটা আধা চা-চামচ, ভাজা জিরাগুঁড়া ১ চিমটি, কলাপাতা পছন্দমতো আকার করে কাটা ৭৮ টুকরা।

প্রণালিঃ প্রথমে বুটের ডাল ভালো

করে ধুয়ে তিন থেকে চার ঘণ্টা ভিজিয়ে রাখতে হবে। এরপর মিহি করে বেটে নিতে হবে বা ব্লেন্ড করে নিন। একটা বাটিতে শর্ষের তেলসহ ওপরের সব উপকরণ একসঙ্গে ভালো করে মেখে নিন। এবার কলাপাতাগুলো একটু সেকে নিতে হবে। কলাপাতার ওপরে ডালের মিশ্রণ থেকে ২ চা-চামচ নিয়ে চারকোনা আকার করে বিছিয়ে দিতে হবে। আশু কাঁচা মরিচ ১টি আর সামান্য একটু শর্ষের তেল দিয়ে কলাপাতা ভাঁজ করে নিন। একটা প্যান চুলায় বসিয়ে গরম করে নিতে হবে। চুলায় আঁচ কমিয়ে কলাপাতাগুলো প্যানে বিছিয়ে দিয়ে ঢেকে রাখুন। এভাবে সেদ্ধ না হওয়া পর্যন্ত ভাজতে হবে। এক পিঠি হলে উল্টে আর এক পিঠি ভেজে ফেলুন। হয়ে গেলে গরম-গরম সাদা ভাতের সঙ্গে পরিবেশন করুন।



প্রণালিঃ ময়দা, লবণ, তেল,

চিনি, দুধ দিয়ে খুব ভালো করে ময়ান করে নিতে হবে। এবার ডিম ও জল দিয়ে মোটামুটি নরম খামির বানিয়ে নিন। এই খামির ৩০ মিনিট ঢেকে রাখতে হবে। ৩০ মিনিট পর ওই খামিরকে পাঁচটি ভাগে ভাগ করে একটি প্রশস্ত জায়গায় ফাঁকা ফাঁকা করে তেলে ডুবিয়ে ২ ঘণ্টা রেখে দিতে হবে। এবার একটি বড় পিঁড়িতে তেল মাখিয়ে নিন। তেলে ভেজানো একটি করে ওই নিয়ে হাত দিয়ে চেপে ও টেনে পাতলা করে বড় করতে হবে। ডালডা ভালোভাবে ময়ান করে অল্প তেলের সঙ্গে মিশিয়ে পাতলা রুটির ওপর প্রলেপ দিন। প্রলেপের ওপর চিজ ও কিশমিশ ছড়িয়ে দিতে হবে। রুটিটি চার ভাঁজ করে নিন।

একই নিয়মে ওই ভাঁজের ওপর ডালডার হালকা প্রলেপ দিয়ে চার ভাঁজ করে গোল করে ১৫ মিনিট রেখে দিতে হবে। এরপর ওভেন ট্রееতে থি ব্রাশ করে চেপে চেপে পরোটার আকার করে ওভেন ১৮০ ডিগ্রিতে ২০ থেকে ২৫ মিনিট বেক করে নামিয়ে ওপরে থিয়ের ছিটা দিয়ে গরম-গরম পরিবেশন করুন।

হুমকির মুখে চলচ্চিত্র পরিচালক অনীক দত্ত

কলকাতা, ১ জুনঃ শনিবার ভোট দিতে গিয়ে হুমকির মুখে পড়েন পরিচালক অনীক দত্ত। ফেসবুক লাইভে এসে ঘটনার কথা জানালেন তিনি। বুধ নম্বর ২৮৮, ২৮৯। বাড়ি থেকে বেরিয়ে সদর দরজার ও পারে দেখলেন একাধিক রাজনৈতিক দলের শিবির। “তৃণমূলের শিবিরে অনেক লোক, সিপিএমের দুই জন টিমাটিম করছে। আর বিজেপি উঁথোচ, বলেন পরিচালক। হঠাৎ জনৈক ব্যক্তি তাঁকে বলেন, “এখানে এত জন কী করছেন? হয় ভোট দিতে যান না হলে বাড়ি চলে যান। প্রাথমিক ভাবে পরিচালক ভেবেছিলেন, তাঁরা ঠিকই বলছেন, নিয়ম মেনে খুব ভাল কাজ হচ্ছে। কিন্তু দেখলেন ১০-১৫ ফুট দূরে তৃণমূলের আরও একটি ক্যাম্প। সেখানে মুখামন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের

ছবি-সহ প্রাথীর বড় বড় ছবি। পরিচালক তাদের বলেন, “এটাও তো নিয়মবিরুদ্ধ। আজ ভোটের দিনে বুথের এত কাছে এই সব। শুধু পতাকা লাগানো যায়।” এই কথা শোনার পরে তারা মেনে নেন, এটা নিয়মবিরুদ্ধ। পরিচালকের কথায়, “ওরা যে যুক্তি দেওয়ার চেষ্টা করছিল সেগুলো খুবই ছেঁদো। কিন্তু কথা বাড়তে বাড়তে ক্রমশ তা বচসায় পরিণত হয়। সেই সময় ক্যাম্পের কিছু অংশ সরিয়ে নেয় তারা। ভোট দিয়ে ফেরার পথে তাদের রোষের মুখে পড়লেন পরিচালক। অনীক দত্তের কথায়, “কানের পাশে দু’জন ‘খেলা হবে, খেলা হবে’ বলে চিৎকার করে গেল। তার পরে বাকি বাকি লোক চলে এল। পাশের বস্তি থেকে ছেলেরের দল, কিছু মহিলা এসে চড়াও হন পরিচালকের উপর। তাদের মধ্যে

কিছু মানুষ তাঁর পরিচিত। ছোটবেলা থেকে দেখছেন তাদের। দুস্কর্মের জন্য নাম রয়েছে এলাকায়। তারা পরিচালকের উপর ঝাঁপিয়ে পড়ে গালিগালাজ শুরু করেন। অনীক দত্ত বলেন, “আমাকে বলছে, ‘কী করে সাহস হয়। জলে থেকে কুমিরের সঙ্গে লাগতে এসেছ।’ কেউ কেউ বলেন, ‘বাটা বিজেপি!’ তাঁকে এও বলা হয়, ‘মেরে সাবাড় করে দেব। হুমকি শোনার পরেও একরোখা তিনি। “আমি তো কোথাও চলে যাচ্ছি না। করুন না কী করবেন।’ বলার পরে গাড়িতে হেলান দিয়ে দাঁড়িয়ে থাকেন পরিচালক। বলেন, “আপনাদের কিছু করার হলে করুন, তার পরে আপনাদের অনুমতি নিয়ে বাড়ি যাব। পরিচালকের কথায়, “বাপ-বাপান্ত করে উল্টোপাল্টা কথা বলল আমাকে।



যাদবপুর লোকসভা আসনের একটি বুথে ভোটদানের পর আঙুলের কালি দেখাচ্ছেন মহিলা ভোটদাতা। (ছবিঃ পিআইবি, কলকাতা)

এসএফআই ও ডিওয়াইএফআইএর বিরুদ্ধে কুৎসা ও অপপ্রচারের অভিযোগ বিজেপি যুবমোর্চার

বিশালগড় (ত্রিপুরা), ১ জুনঃ গত কয়েকদিন যাবত বামপন্থী ছাত্রমূব সংগঠন এসএফআই এবং ডিওয়াইএফআই ত্রিপুরার আটটি জেলায় মহকুমাসাক থেকে শুরু করে জেলাশাসকের কাছে শিক্ষা ব্যবস্থা, পানীয় জল, বিদ্যুৎ, রোগা, টুয়েপ সহ সমস্ত শ্রমিকদের কাজের ব্যবস্থা করা এবং কাজ শেষে দ্রুত মজুরি প্রদান, ২০০ দিনের কাজ ও মজুরি ৬০০ টাকা করার দাবি

জানাচ্ছে। এ সমস্ত বিভিন্ন দাবিতে বিগত কিছুদিন যাবত বিভিন্ন এলাকায় মহকুমাসাক ও জেলাশাসকের কাছে ডেপুটেশন প্রদান করছে বামপন্থী ছাত্রমূব সংগঠনগুলি। এদিকে শাসকদল বিজেপির যুবমোর্চা কর্মীদের দাবি, বিরোধী দল সিপিআইএমের যখন রাজনীতি করার কোনও পথ থাকে না তখন তারা শাসকদল বিজেপির বিরুদ্ধে বিভিন্নভাবে অপপ্রচার এবং

কুৎসা রটিয়ে দলকে কালিমালিপ করার চেষ্টা চালাচ্ছে। রাজ্যে রোগা ও টুয়েপ সমস্ত শ্রমিকদের সচিকভাবে কাজ করানো হচ্ছে। রোগার শ্রমিকদের সচিকভাবে মজুরি প্রদান করা হচ্ছে। বিদ্যাজ্যোতি স্কুলে শিক্ষার মান এগিয়ে নিয়ে যাচ্ছে রাজ্য শিক্ষা দপ্তর। প্রত্যেক বাড়িতে পানীয় জলের ব্যবস্থা রয়েছে বিজেপি সরকার। বিদ্যুতের ব্যবস্থা রাজ্যে বর্তমানে স্বাভাবিক

অবস্থায় রয়েছে। তথাপিও বামপন্থী ছাত্রমূব সংগঠন বিভিন্নভাবে শাসকদল বিজেপির বিরুদ্ধে কুৎসা ও অপপ্রচার রটিচ্ছে। তার প্রতিবাদে রাস্তায় নামে বিজেপি যুবমোর্চা। আজ শনিবার বিশালগড় বিজেপি মণ্ডল কার্যালয়ের সামনে থেকে বামপন্থী ছাত্রমূব সংগঠনের কুৎসা ও অপপ্রচারের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়। মিছিলে ছিলেন বিধায়ক সুশান্ত দেব,


বিশালগড় বিজেপি মণ্ডল যুবমোর্চার সভাপতি অমুরাগ চক্রবর্তী সহ মোর্চার বহু কার্যকর্তা। এদিনের মিছিল বিশালগড় মণ্ডল কার্যালয় থেকে শুরু করে বিশালগড়ের বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় মণ্ডলে কার্যালয়ে গিয়ে সমাপ্ত হয়। বিধায়ক সুশান্ত দেব বলেন, শাসকদল বিজেপির বিরুদ্ধে কুৎসা ও অপপ্রচারের বিরুদ্ধে যোগ্য জবাব দেওয়ার জন্য প্রস্তুত যুবমোর্চা।

জেকজালেম,১ জুনঃ গাজায় পূর্ণ যুদ্ধবিরতি প্রতিষ্ঠায় ইসরায়েলের দেওয়া রূপরেখাকে শুক্রবার ‘ইতিবাচক হিসেবে বিবেচনা’ করার কথা জানিয়েছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। এদিনই যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন এ রূপরেখার বিস্তারিত তুলে ধরেন। ইসরায়েলের যুদ্ধবিরতি প্রস্তাবের কথা ঘোষণাকালে প্রেসিডেন্ট বাইডেনে প্রায় আট মাস ধরে চলা গাজা যুদ্ধের সমাপ্তি টানার আহ্বান জানান। তবে ক্রতই ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ বাইডেনের শান্তি আলোচনা শুরুর আহ্বানে নেতিবাচক মনোভাব দেখান। জোর দিয়ে তিনি বলেন, হামাসের গাজা শাসন করার ক্ষমতা ও ইসরায়েলের জন্য হুমকি হয়ে চোঁার বিষয়টি নিঃশেষ না করা পর্যন্ত ইসরায়েলি সেনারা লড়াই চালিয়ে যাবেন। যুদ্ধবিরতি প্রস্তাব মেনে নিতে হামাসের প্রতি মার্কিন অগ্রগতিতে জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসে “জেরালা আশাবাদ” ব্যক্ত করেছেন বলে জানিয়েছেন তাঁর মুখপাত্র স্টিফেন ডুজারিক। আশাবাদ জানিয়েছেন জার্মান পররাষ্ট্রমন্ত্রী আনালেনা বেরারবকও। তিনি বলেন, ইসরায়েলের প্রস্তাব যুদ্ধ বন্ধে আশার আলো ও একটি সম্ভাব্য পথ দেখাচ্ছে। গাজায় রক্তপাত বন্ধে এ “ভারসাম্যপূর্ণ ও বাস্তবভিত্তিক” দৃষ্টিভঙ্গিকে স্বাগত জানিয়েছেন ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) প্রধান উরসুলা ভন ডার লেন। গাজার দক্ষিণাঞ্চলীয় অতি ঘনবসতিপূর্ণ রাফা শহরে অভিযান না চালাতে বিশ্ব সম্প্রদায়ের আহ্বান উল্লেখ্য করে হামলা চালিয়ে যাচ্ছে ইসরায়েল। এতে হামাসের সঙ্গে ইসরায়েলি বাহিনীর তুমুল লড়াই শুরু হয়েছে।

এ অবস্থায় অনেকটা অপ্রত্যাশিতভাবে গতকাল ইসরায়েলের ওই যুদ্ধবিরতি প্রস্তাব ঘোষণা করলেন বাইডেন। প্রস্তাবটি তিনটি পর্ধ্যয়ে বাস্তবায়ন করার কথা বলা হয়েছে। প্রথম পর্ধ্যয়ে ছয় সপ্তাহের যুদ্ধবিরতি কার্যকর হবে। এ সময়ে গাজার সব জনবহুল এলাকা থেকে ইসরায়েলি সেনাদের সরিয়ে নেওয়া হবে। হামাস ‘নির্দিষ্টসংখ্যক’ জিম্মিকে মুক্তি দেবে। বিনিময়ে ইসরায়েলে বন্দী কয়েক শ মানুষকে মুক্তি দেওয়া হবে। গাজার সব এলাকায় বেসামরিক ফিলিস্তিনিদের তাদের বাড়িঘরে ফিরতে সুযোগ দেওয়া হবে। সেই সঙ্গে মানবিক সহায়তা কার্যক্রম বাড়ানো হবে। আন্তর্জাতিক সম্প্রদায় গাজাবাসীর জন্য হাজারো সাময়িক আবাসনের ব্যবস্থা করবে।যুদ্ধবিরতি চলাকালে যুক্তরাষ্ট্র ও কাতারের মধ্যস্থতায় শান্তি আলোচনা চলমান থাকবে। যদি আলোচনা সফল হয়, তাহলে বাস্তবায়ন শুরু করা হবে পরবর্তী পর্ধ্যয়ের পরিকল্পনা। দ্বিতীয় পর্ধ্যয়ে অবশিষ্ট জিম্মি মুক্তি দেবে হামাস। তাঁদের মধ্যে জিম্মি সেনারাও থাকবেন। সেই সঙ্গে গাজা থেকে ইসরায়েলি বাহিনীর সর্বশেষ সেনাকেও সরিয়ে নেওয়া হবে।

লামডিং-বদরপুর হিল সেকশনে এয়ারবোর্ন লিডার সার্ভে চালাবে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

মালািগাঁও, ১ জুনঃ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে লামডিং-শিলার হিল সেকশনের গুরুত্বপূর্ণ স্থানগুলিতে এয়ারবোর্ন ইলেকট্রোম্যাগনেটিক লিডার সার্ভে চালানোর জন্য প্রস্তুত হয়েছে। এই সার্ভেটি বর্ষার সময় এবং তার পরে পরিচালনা করা হবে। এই সার্ভের মাধ্যমে মারিি স্তরের প্রকার, স্তরের স্থায়িত্ব, পাহাড়ের কোনও অবস্থার পরিবর্তনের জন্য প্রাকৃতিক অথবা গঠিত ক্রটির উপস্থিতি, মাটির স্তরের নীচে জল জমে থাকা, স্লিপ সার্কলের গঠন ও হিল টোর স্থায়িত্ব বিশ্লেষণ করা হবে। লামডিং-বদরপুর সেকশনের কিমি ৪৫ থেকে কিমি ১২৫-এর মধ্যে সার্ভে পরিচালনা করা হবে। সার্ভের জন্য ইতিমধ্যে উদ্ভার চূড়ান্ত করা হয়েছে এবং নয়টা ভিত্তিক মেসার্স গারুদাইউএডি সফট সলিউশন প্রাইভেট লিমিটেড কোম্পানিকে দেওয়া হয়েছে। শক্তিশালী



ডিজিটাল টুইন ভিত্তিক এ.আই. পরিচালিত ওয়ান পয়েন্ট মনিটরিং

সারফেস ইলেকট্রোম্যাগনেটিক সার্ভে চালানো হবে। এর মাধ্যমে জিওফিজিক্যাল ল্যান্ডস্কেপ ও ভূগর্ভস্থ পরিবেশ পর্যবেক্ষণ করা হবে, যা ল্যান্ড স্লাইডপ্রিপ প্রবণ দুর্বল ও বিপদাশঙ্কল স্থানে মানুষের হস্তক্ষেপ ছাড়াই ট্রাকের অবস্থার প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণের জন্য ফেইলারগুরুত্বপূর্ণ অঞ্চল চিহ্নিত করতে ও বিশ্লেষণ করতে সাহায্য করবে।

এই সার্ভে নন-ইনভেসিভ সেন্সর অর্থাৎ লিডার(), অর্পিক্যাল ফটোগ্রামেট্রি,ইনফ্রারেড ম্যাপিং ও গ্রাউন্ড পেনেট্রেটিং রাডার ও এয়ারবোর্ন ইলেকট্রোম্যাগনেটিক ব্যবহার করে করা হবে। সার্ভের মাধ্যমে তৈরি করা হাজার হাজার তথ্যের উন্নত তুলনায় জন্য আর্টিফিসিয়াল ইন্টালিজেন্স ফটওয়্যারের দ্বারা ফলাফল অথবা আউটপুট বিশ্লেষণ করা হবে এবং এমন জটিলতাপূর্ণ

স্থানের জন্য প্রতিকারমূলক ব্যবস্থা প্রদান করা হবে। বিস্তারিত বিবরণ এবং সুনির্দিষ্ট মানদণ্ডের তথ্য পাওয়ার জন্য লিডার (লাইট ডিটেকশন অ্যান্ড রেঞ্জিং) প্রযুক্তি ব্যবহার করা হয়। বিদ্যমান রেলওয়ে ট্র্যাক, নিকটবর্তী ভূখণ্ড ও যে কোনও প্রাসঙ্গিক পরিকাঠামো সহ প্রকল্পের স্থানের টপোগ্রাফি ক্যাপচাপ করতে এয়ারবোর্ন অথবা টেরেস্ট্রিয়াল লিডার স্ক্যানার ব্যবহার করে লিডার সার্ভে পরিচালনা করা হয়। রেলওয়ে সার্ভে প্রকল্পে রেলওয়ের পরিকল্পনা, ডিজাইন, নির্মাণ এবং রক্ষণাবেক্ষণের সহায়তার জন্য সার্ভের কার্যকলাপ ও কৌশলের এক বিশাল পরিসর অন্তর্ভুক্ত থাকে। রেলওয়ে পরিবহণ ব্যবস্থার সুরক্ষা, দক্ষতা ও কার্যকারিতা নিশ্চিত করার ক্ষেত্রে এই সার্ভে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ট্রান্স্পের বিরুদ্ধে আইনি লড়াই চালিয়েছেন পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলস



ওয়াশিংটন, ১ জুনঃ যুক্তরাষ্ট্রের প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে বেশ সাহসিকতার সঙ্গেই আইনি লড়াই চালিয়েছেন পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলস। প্রকাশ্য এ লড়াইয়ে তাঁকে কখনো বিব্রত হতে দেখা যায়নি। তবে নিউইয়র্কের আদালতে তাঁর দেওয়া সাক্ষ্যের ভিত্তিতে ট্রাম্প ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত হওয়ার পর এ নিয়ে টু শব্দটি করেননি ৪৫ বছর বয়সী এ নারী। ২০০৬ সালে স্টর্মির সঙ্গে যৌন সম্পর্ক করেছিলেন ডোনাল্ড ট্রাম্প। ২০১৬ সালে প্রেসিডেন্ট নির্বাচনের আগে বিষয়টি নিয়ে মুখ বন্ধ রাখতে এই পর্ন তারকাকে ১ লাখ ৬০ হাজার ডলার ঘুষ দেন তিনি। ব্যবসায়িক নথিতে এ অর্থ লেনদেনের বিষয়টি গোপন রাখায় জালিয়াতির অভিযোগে নিউইয়র্কের আদালতে ট্রাম্পের বিরুদ্ধে মামলা হয়। মামলায় ট্রাম্পের বিরুদ্ধে ৩৪টি অভিযোগ আনা হয়। তিনি সবকটি অভিযোগে দোষী সাব্যস্ত হয়েছেন।বেশ কয়েক বছর ধরে ট্রাম্পসমর্মকদের নানা গল্পনা-বাগ্মনা সহ্য করার পর মামলায় ট্রাম্পের বিরুদ্ধে আদালতে সাক্ষ্য দেন স্টর্মি। তবে ট্রাম্প দোষী সাব্যস্ত হওয়া পর কোনো প্রতিক্রিয়া জানাননি তিনি। তাঁর স্বামী ব্যারেট রেড বলেন, ‘ও এখনো ডাবনার মধ্যে আছে।’এই নীরবতার মানে আরও কিছুও হতে পারে বলে ট্রাম্পের ‘মেক আমেরিকা গ্রেট অ্যাগেইন’ প্রচারাবিযানকে বুকিয়েছেন। অস্বা, অত্যন্ত বিভক্তির দেশটিতে তাঁর এ আশঙ্কা অমূলক নয়। নিউইয়র্কের আদালতে যাওয়ার সময় ড্যানিয়েলস বুলেটপ্রফ পোশাক পরতেন। এক সাক্ষাৎকারে তাঁর আইনজীবী ক্লার্ক ব্রিউস্টার এ তথ্য জানিয়েছেন। কোন পরিস্থিতিতে ড্যানিয়েলস এমন পোশাক পরতে বাধ্য হয়েছেন, সে সম্পর্কে তাঁর আইনজীবী বলেন, ‘ওই পরিস্থিতি অত্যন্ত বিব্রেষপূর্ণ ও ভাব্যক ছিল।’ তিনি মনে করেন, ড্যানিয়েলসকে যে ধরনের আতঙ্কের মধ্য দিয়ে যেতে হয়েছে, তাতে এ পোশাক

দমদম দাওয়াই, ওটা একটা ওষুধ, মন্তব্য মদনের

কলকাতা, ১ জুনঃ শনিবার ভাঙ্ড, সুদেশখালিতে ছিল দিনভর অশান্তির পরিবেশ। বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও অশান্তি চলছে। এসবের পরও ভোট অত্যন্ত শান্তিপূর্ণ বলেই মনে করছেন কামারহাটির বিধায়ক মদন মিত্র। শনিবার ভোটের দিন একেবারে রঙিন মেজাজে ধরা দিলেন তিনি। বললেন, দমদম দাওয়াই তো চলছে। ওটা একটা ওষুধ। বরানগরের উপনির্বাচনে সিপিএম প্রার্থী তন্ময় ভট্টাচার্যকে ঘিরে সকলে যথেষ্ট উত্তেজনার পরিস্থিতি তৈরি হয়েছে। অসুস্থতা কাটিয়ে ভোটের প্রচারেই ধীরে ধীরে সক্রিয় হচ্ছিলেন। আর শেষ দফা লোকসভা ভোটের দিন তাঁকে দেখা গেল চেনা আদলে। মুখে মৃদু হাসি নিয়ে বললেন, ভোট তো খুব শান্তিপূর্ণ হচ্ছে। কোথাও কোনও গোলমাল নেই। গুস্তামি করে কি আর ভোট হয়? বলছি তো, দমদম দাওয়াই দিতে। ওটা জ্বর, সর্দিকাশির মতো যে কোনও রোগের ওষুধ। সব ঠিক আছে। ভোট তৃণমূল সর মমতায় হয়েছে। শনিবার বরানগর বিধানসভা আসনে উপনির্বাচনে সকাল থেকে বুধে বুধে পরিদর্শনে যান সিপিএম প্রার্থী তন্ময় ভট্টাচার্য। সেখানেই গোলামাল বাঁধে। অভিযোগ, একটি বুথে তিনি গেলে তৃণমূল কাউন্সিলর প্রার্থীকে ঘিরে চোর বলে স্লোগান তুলতে থাকেন। ঘেরাও করেন অন্যান্য কন্নী, সমর্থকরাও। স্বাভাবিকভাবেই মেজাজ হারান তন্ময়বাবু। অভিযোগ, সেসময় কাউন্সিলর ও তাঁর সঙ্গে থাকা এক যুবক তন্ময় ভট্টাচার্যকে ঘৃসি মারে। এতেই পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। পালটা ঘাড় ধাক্কা দেন তন্ময়বাবু। দুহাতে দুই যুবকের কলার চেপে ধরেন।

Name Change
I, SK RAMJAN HOSEN, SON OF ABDUL RAHAMAN SK, RESIDING AT VILL & P.O.- JETHAMUR, PS-EGRA, EAST MEDINIPUR, P.O.- 721420, WEST BENGAL, INDIA. SHALL HENCEFORTH BE KNOWN AS SK RAMJAN HOSSAIN. VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 31/05/2024. THAT SK RAMJAN HOSEN AND SK RAMJAN HOSSAIN BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PER-SON.

Name Change
I, Giasud Din Molla (old name) S/O Alimuddin Molla, residing at Vill. & P.O.- Rohanda, P.S.- Madhyamgram, Dist.- North 24 Pgs, Pin- 700135, West Bengal, INDIA, have changed my name to (shall henceforth be known as) Giasuddin Molla (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 31/05/2024. Giasuddin Molla (new name) and Gias Uddin Molla (old name) both are same identical per-son.

Name Change
I, Fatima Hossain (old name) W/O Late Mohammed Hossain, residing at B36/H/1, Linton Street, P.O.- Entally, P.S.- Beniapur, Kolkata- 700014, West Bengal, INDIA, have changed my name to (shall henceforth be known as) Kaniz Fatima (new name) vide an affidavit sworn before The 1st Class Judicial Magistrate at Seal-dah on 07/03/2024. Kaniz Fatima (new name) and Fatima Hossain (old name) both are same identical per-son.

Name Change
I, Md Abdar Rahaman Gazi (old name) S/O Iyad Ali Gazi, residing at Vill.-Gandharbapur, P.O.- Gandharbapur, P.S.- Baduria, Dist.- North 24 Pgs, Pin- 743427, West Bengal, INDIA, have changed my name to (shall henceforth be known as) Anisur Gazi (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 31/05/2024. Anisur Gazi (new name) and Md Anisur Gazi (old name) both are same identical per-son.

Name Change
I, Amnul Islam Sekh (old name) S/O Late Sk Taimur Ali, residing at Dighasipur, P.O.- Chhaldipa, Dighasipur, Purba Medinipur - 721645, West Bengal, INDIA, have changed my name to (shall henceforth be known as) Sk Amnulin Islam (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 31/05/2024. Sk Amnulin Islam (new name) and Amnulin Islam Sekh (old name) both are same identical per-son.

Name Change
I, Zakaria Sekh declare that my father said name Fatenur Sheikh (old name), residing at Shyamsundar Chak, PO.- Sontoshpur, P.S.- Uluberia, Dist.-Howrah, Pin- 711310, West Bengal, INDIA, I have changed my father name to (shall henceforth be known as) Fakh Fathnoor (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 31/05/2024. Saikh Fathnoor (new name) and Fatenur Sheikh (old name) both are same identical person.

হকারদের কাজের দাবিতে ষ্টেশনে অবস্থান বিক্ষোভ বাম কংগ্রেসের



দূরন্ত বার্তা, বীরভূম, ১ জুন : আমরা চাকরি চাইতে আসিনি। হকারি করে সভাবে বাঁচার অধিকার ফিরে পাওয়ার দাবি পুনরুদ্ধার করতে এসেছি। এই সমবেত দৃণ্ড বক্তাবে শনিবার মুখরিত হলো রামপুরহাট রেলওয়ে চত্বর। শনিবার রেল চত্বরে মঞ্চ করে হকারদের জীবন জীবিকার স্বার্থে বাম শ্রমিক সংগঠন সিটু ও কংগ্রেস শ্রমিক সংগঠন আই এন টি ইউ সি যৌথভাবে অবস্থান বিক্ষোভ সামিল হয়। তার আগে পাঁচ মাথা থেকে

ধূপগুড়িতে একইসঙ্গে দুর্ঘটনার কবলে ৩টি গাড়ি, মৃত ১

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১ জুন : জলপাইগুড়ির ধূপগুড়ি থেকে ফালাকাটিগামী ৩১ নম্বর জাতীয় সড়কে ধূপগুড়ি শহরের গণেশ মোড় এলাকায় একইসঙ্গে দুর্ঘটনার কবলে ৬ টি গাড়ি। শনিবার এই দুর্ঘটনায় প্রাণ গেল ১ জনের। গুরুতরভাবে আহত আরও ১ জন। স্থানীয় সত্বে জানা গেছে, এদিন কয়লা বোঝাই একটি ছোট গাড়ির সঙ্গে প্রথমে একটি লরির সংঘর্ষ হয়। এর পরপরই ওই একই জায়গায় দুর্ঘটনার কবলে পড়ে আরও একটি ছোট গাড়ি এবং লরি। প্রথম দুর্ঘটনাটি ঘটার পর চালকরা পালিয়ে গেলও, পরবর্তী দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ছোট গাড়ির চালকের। তাকে উদ্ধার করে ধূপগুড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ধূপগুড়ি ট্রাফিক গার্ডের ওসি সহ পুলিশ কর্মীরা। স্থানীয়দের দাবি, এই জায়গায় বারবার দুর্ঘটনা ঘটছে। এর আগে বহুবার প্রশাননকে জানানো হলেও ডিভাইডারের ব্যবস্থা করা হয়নি। ডিভাইডার থাকলে এত বড় দুর্ঘটনা হতো না।

মৃত্যু যুবকের

দূরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ১ জুন : উত্তর দিনাজপুরের চোপড়া থানার মেরণগছ এলাকায় জাতীয় সড়কে শুল্কবাড়ি থেকে ফেরার পথে দুর্ঘটনায় মৃত্যু হল এক যুবকের। মৃতের নাম, মহম্মদ শামীম (২৬)। বাড়ি বিহারের পুটিয়া থানা এলাকায়। শনিবার দুর্ঘটনাটি ঘটে। জানা গেছে, চোপড়ার সাতরামগছে মাসখানেক আগে বিয়ে হয়েছিল যুবকের। এদিন সন্ধ্যায় শুল্কবাড়ি থেকে বাইকে করে বাড়ি ফিরছিলেন তিনি। জাতীয় সড়কে লরির ধাক্কায় গুরুতর জখম হন যুবক। আশঙ্কাজনক অবস্থায় তাকে দূরদূর্য্য রুক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। দুর্ঘটনায় বাইকটি দুমড়ে মচড়ে গেছে। যাতক লরিটিকে পরে চোপড়ার কালাগছ পেট্রোল পাম্প এলাকা থেকে আটক করেছে পুলিশ। দেহ মর্যাদাতদন্তের জন্য ইসলামপুর মহকুমা হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

ডাকাতিতে যুক্ত, ধৃত ৪

দূরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ১ জুন : মুর্শিদাবাদের রঘুনাতথগঞ্জ থানার জল্ল গ্রাম পঞ্চায়েত এলাকায় এক ব্যবসায়ীর বাড়িতে ডাকাতিতে যুক্ত থাকার অভিযোগে শনিবার বিকেলে চারজন কুখ্যাত বাংলাদেশী ডাকাত সহ একজন ভারতীয় ডাকাতকে গ্রেফতার করলো রঘুনাতথগঞ্জ থানার পুলিশ। শুক্রবার গভীর রাতে জরুর গ্রাম পঞ্চায়েত এলাকার নতুনপুকুরপাড়া এলাকার প্রসিদ্ধ ব্যবসায়ী সইবুর রহমানের বাড়িতে একটি দুঃসাহসিক ডাকাতির ঘটনা ঘটে। ডাকাতির ঘটনার কয়েক ঘণ্টার মধ্যে রঘুনাতথগঞ্জ থানার পুলিশ ৪ জন বাংলাদেশী সহ এক ভারতীয় ডাকাতকে গ্রেফতার করেছে। জঙ্গিপুর পুলিশ জেলা সুপার আনন্দ রায় বলেন, ধৃত ৫ ডাকাতেরে কাছ থেকে ওই বাড়ি থেকে লুট হওয়া নগদ প্রায় ১০ হাজার টাকা এবং প্রায় পাঁচ হাজার টাকা এবং রুপোর উদ্দার হয়েছিল। পাশাপাশি গদ্যার হয়েছে বেশ কিছু ধারালো অস্ত্র।

মিছিল করে বেলা সাড়ে এগারোট। নাগাদ স্টেশন ম্যানেরজারের কাছে ডেপুটেশন জমা দেয় বাম কংগ্রেসের মিলিত শ্রমিক সংগঠন। উল্লেখ্য, অমৃত ভারত উৎসব উপলক্ষ্যে স্টেশন খালি করার পর কাজ সম্পূর্ণ হয়ে গেলেও হকারদের আর স্টেশনে উঠতে দেওয়া হচ্ছে না। অভিযোগ, জনগণের রেলকে বেসরকারিকরণের কারিগর মোদি সরকার বহুজাতিক সংস্থার হাতে স্টেশন তুলে দিয়ে ফুড প্লাজার ব্যবসা বাড়াতে চাইছে। আর গরিব


 জয়নগর লোকসভা আসনের একটি মডেলে নুখে সপ্তম দফার সাধারণ নির্বাচনের ভোগ্রিহণ চাচ্ছে (ছবি : পিআইবি, কলকাতা)

সমগ্র ভারতীয় রেলওয়েতে থিম ভিত্তিক টুরিস্ট ট্রেন চালানো হচ্ছে

গোরখপুর, ০১ জুন : সমগ্র ভারতীয় রেলওয়েতে থিম ভিত্তিক টুরিস্ট ট্রেন চালানো হচ্ছে। ভারত সৌরব ট্রেন হল ভারতীয় রেলওয়ের টুরিস্ট সার্কিট ট্রেন যা আপনাকে সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য, ইতিহাস এবং প্রাকৃতিক সৌন্দর্যে ভরা ভারতের শহরগুলিতে নিয়ে যায়। ভারত সৌরব ট্রেন স্থানীয় এবং আঞ্চলিক পর্যটনকে বাড়িয়ে তুলবে। আমাদের পর্যটন গন্তব্য এবং ভারতের গর্ব জনপ্রিয় করতে আইআরসিটিসি। ২৬ জুন থেকে ২৬ জুলাই পর্যন্ত ভারত সৌরব টুরিস্ট ট্রেন হিন্দু ভক্তদের এবং অন্যান্য পর্যটকদের জন্য দ্বারকাধীশ এবং ভেট দ্বারকা এবং ওমকারেশ্বর, মহাকালেশ্বর, সোমনাথ, নাগেশ্বর, ত্রিস্বেকেশ্বর, প্রিণেশ্বর এবং ভীম শঙ্কর সহ মোট ৭টি জ্যোতির্লিঙ্গ দেখার জন্য। ১২ রাত এবং ১৩ দিন চালানো হবে। গোরখপুর, কাপ্তানগঞ্জ, খাওয়ে, সিওয়ান, ছাপরা, বেনারস, প্রয়াগরাজ, রায়বেরেলি, লখনউ, কানপুর সেওটাল, ওরাই, বীরাঙ্গনা লক্ষ্মীবাই জং (ঝাসি), ললিতপুর এবং বিনা স্টেশনে এই ট্রেনে চড়া ও নামানোর সুবিধা দেওয়া হয়েছে। এই ট্রেনে ভ্রমণের জন্য আইআরসিটিসি –এর ওয়েবসাইট www.irctctouricom.com –এ টিকিট বুক করা যাবে। টিকিট প্যাকেজ ২৪,৬০০- থেকে শুরু হয় এবং প্রতি মাসে ইএমআই ১১৭৮- টাকা সুবিধাও পাওয়া যায়। ০৭ জ্যোতির্লিঙ্গ যাত্রা ট্রেন (ভারত সৌরব টুরিস্ট ট্রেন) ২৬ জুন, ২০২৪-এ সকালে গোরখপুর থেকে ছেড়ে যাবে, বিভিন্ন স্টেশনে টুরিস্ট বোর্ডিং স্টপেজ প্রদান করবে এবং কাপ্তানগঞ্জ, খাওয়ে, সিওয়ান, ছাপরা, বেনারস, প্রয়াগরাজ, রায় বেরেলি, লুকে পৌঁছাবে। কানপুর সেন্ট্রাল, ওরাই, বীরাঙ্গনা থামবে। দুর্ঘটনায় বাইকটি দুমড়ে মচড়ে গেছে। যাতক লরিটিকে পরে চোপড়ার কালাগছ পেট্রোল পাম্প এলাকা থেকে আটক করেছে পুলিশ। দেহ মর্যাদাতদন্তের জন্য ইসলামপুর মহকুমা হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

শহরের রেস্তোরাঁ বন্দুকবাজের হামলা, গুরুতর জখম শিশু

লণ্ডন, ১ জুন : রেহাই নেই ৯ বছরের বালিকারও! গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে কাষত মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে সে। জখম আরও ৬ জন। শাউআউট এবার লন্ডনে। জানা গিয়েছে, ওই বালিকা ভারতীয়া। নাম, লিসেল মারিয়া। বাবা-মা দু’জনেই আদতে কেবলার গোথুরুথ এলাকার বাসিগ্দা। তবে দু’বছর ধরে মেয়েকে নিয়ে লন্ডনের বার্কিংহামে থাকছেন তাঁরা। স্থানীয় সময়ে বুধবার রাত্তে বাবা-মায়ের সঙ্গে লন্ডনের একটি রেস্তোরাঁয় খেতে গিয়েছিল লিসেলা। তখন আচমকাই বাইকে করে ওই রেস্তোরাঁয় বাইরে গুলি চালাতে শুরু এক দুক্‌ত্বী। গুলিবিদ্ধ হন ওই বালিকা-সহ ৪ জন। কেনে এই হামলা? লন্ডন পুলিশ গোয়েন্দা বিভাগের সুপার জেমস কনওয়ে জানিয়েছেন, ‘আমাদের মনে না, ওই বালিকা ও আরও যারা গুলিবিদ্ধ হয়েছে, তাঁরা একে অপরকে চিনতেনা। আর পাঁচটা শিশুর মতোই ও নির্দোষ। এলোপাথারি গুলিতেই আহত হয়েছে’। এদিকের এই ঘটনার পর একটি বাইক উদ্ধার করেছে পুলিশ। প্রাথমিক তদন্তে অনুমান, ওই বাইকে পেপেই এসেছিল হামলাকারী। তবে বাইকটি যে চুরি করা হয়েছিল, সে বিষয়ে নিশ্চিত তদন্তকারীরা।

চুরি যাওয়া তামার তার সহ গ্রেফতার ২

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ জুন : তামার তার ও তার কাটার যন্ত্র সহ দুই যুবককে গ্রেফতার করলো তত্ত্বিনগর থানার অন্তর্গত আশিধর ফাড়ির পুলিশ। ধৃতদের নাম বিশাল হালাদার (২৪) এবং সুমন দাস (১৮)। দুজনই আশিধর এলাকার বাসিন্দা। জানা গেছে, গোপন সূত্রে খবরের ভিত্তিতে শুক্রবার গভীর রাতে আশিধর এলাকায় অভিযান চালিয়ে দুই যুবককে আটক করে পুলিশ। তল্লাশি চালাতেই তাদের ব্যাগ থেকে উদ্ধার হয় চুরি যাওয়া তামার তার ও বিভিন্ন লোহার যন্ত্রাংশ। শনিবার ধৃতদের জলপাইগুড়ি আদালতে পাঠানো হয়। ঘটনার তদন্তে পুলিশ।

হচ্ছে না। ট্রেনেও সামগ্রী বিক্রি করতে দেওয়া হচ্ছে না হকারদের। হকারেরা স্টেশনে প্রবেশ করলেই তাদের ধরে ফাইন করছে রেল কর্তৃপক্ষ। তারই প্রতিবাদে এবং রামপুরহাট রেল স্টেশনে হকারদের জিনিসপত্র বিক্রি করতে দেওয়ার দাবিতে বিক্ষোভ অবস্থানে বসে বাম - কংগ্রেস জেট। পরে রামপুরহাট রেল স্টেশন ম্যানেজারের কাছে একটি স্মারকলিপি জমা দেন তারা। সঞ্জীববাবু বলেন, করোনা অতিমারির সময় হকারদের অবস্থা করূন হয়েছিল। এমন কিছু হকারদের পরিবার রয়েছে যাদের বাড়িতে নিত্যদিন উনুন পর্যন্ত জ্বলেনি। আর রামপুরহাট রেল কর্তৃপক্ষ সৌন্দর্য্যানের নামে ছোট ছোট দোকান উচ্ছেদ করে দিয়েছে। এখন ট্রেনের হকারদের উপর কোপ পড়েছে। আমাদের দাবি অবিলম্বে হকারদের পুনরায় ট্রেনে এবং স্টেশনে কাজ করতে দিতে হবে। তারা কাজ ফিরে না পাওয়া পর্যন্ত আমাদের আন্দোলন চলবে।


 জয়নগর লোকসভা আসনের একটি মডেলে নুখে সপ্তম দফার সাধারণ নির্বাচনের ভোগ্রিহণ চাচ্ছে (ছবি : পিআইবি, কলকাতা)


নাসিক রোড, ২০২৪ সালের ত্রিশ্বর রোডের জন্য ২০২৪ তারিখে। ইন, এটি ভীমাশঙ্কর দর্শনের জন্য ০৪ জুলাই, ২০২৪-এ খর্ডকি পৌঁছবে, ০৫ জুলাই, ২০২৪-এ ঘ্রাশেশ্বর জ্যোতির্লিঙ্গ দর্শনের জন্য ওরদাবাদে এবং ০৬ জুলাই, ২০২৪-এ এটি ওমকারেশ্বর জ্যোতির্লিঙ্গ দর্শনের জন্য খান্ডওয়া স্টেশনে পৌঁছাবে। ফিরতি যাত্রায়, বিনা, ললিতপুর, বীরাঙ্গনা লক্ষ্মীবাই জং (ঝাসি), ওরাই, কানপুর সেন্ট্রাল, লখনউ, রায়বেরেলি, প্রয়াগরাজ ০৭ জুলাই, ২০২৪, বারানশি, ছাপরা, সিওয়ান, খাওয়ে, ০৬ জুলাই, ২০২৪ তারিখে ডিভোড়িগের জন্য কাপ্তানগঞ্জ স্টেশনে যাত্রী নামানোর পর এটি গোরখপুরে যাত্রা বন্ধ করবে। এই জ্যোতির্লিঙ্গ যাত্রা ট্রেনে, ইকোনমি (স্লিপার) শ্রেণীর ভ্রমণের জন্য প্রাপ্তবয়স্কদের জন্য প্রদত্ত মূল্য ২৪৬০০- টাকা এবং ০৫ থেকে ১১ বছরের মধ্যে শিশু প্রতি ২২৮৫০- টাকা নির্ধারণ করা হয়েছে। স্ট্যান্ডার্ড (এয়ার কন্ডিশন্ড থার্ড) ক্লাসে ভ্রমণের জন্য, ভ্রমণের মূল্য নির্ধারণ করা হয়েছে ৪০,৬০০- প্রাপ্তবয়স্কদের জন্য এবং ০৫ থেকে ১০ বছরের মধ্যে শিশু প্রতি ৬৮,৯০০- টাকা। একইভাবে, আরাম (শীতাপাত্তি নিয়ন্ত্রিত দ্বিতীয়) শ্রেণীর ভ্রমণের জন্য, ভ্রমণ মূল্য ৫৬,৮০০- টাকা প্রাপ্ত বয়স্ক এবং ৫১,৭৫০- টাকা ০৫ থেকে ১১ বছরের জন্য শিশু প্রতি স্থির করা হয়েছে। এই ট্রেনে মোট ৭৬৭টি বার্থ পাওয়া যায়, যার মধ্যে কমফোর্ট ক্লাসে ৪৯ টি বার্থ, স্ট্যান্ডার্ড ক্লাসে ৭০টি এবং ইকোনমি ক্লাসের ৬৪৮টি বার্থ রয়েছে। এই মূল্যে, প্যাকেজ ক্যাটাগরি অনুযায়ী হোটেল- ধর্মশালায় রাাত্রিযাত্রা ও সোসল ইত্যাদি সুবিধা দেওয়া হবে। এই ভ্রমণ মূল্যে সকালের চা, ব্রেকফাস্ট, দুপুরের খাবার এবং নিরামিষ খাবার দেওয়া হবে। ভ্রমণের সময় যাত্রীদের সাহায্য করবে আইআরসিটিসি। ম্যানেজার পাওয়া যাবে। উত্তর-পূর্ব রেলের এই ভারত সৌরব ট্রেনে ধর্মীয় ও সাংস্কৃতিক পর্যটনকে উৎসাহিত করবে।

বিশ্ব তামাক মুক্ত দিবস উদযাপন ও বন্যপ্রাণ শিকার প্রতিহত করার সচেতনতা শিবির

দূরন্ত বার্তা, হাওড়া, ১ জুন : Little Art স্কুল খোড়িয়া ময়নাপুর, খোড়িয়া, উলুবেড়িয়া, হাওড়া, এর উপস্থিত ২ শতাধিক অভিভাবক, ছাত্র - ছাত্রীদের মধ্যে নেশামুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ফিউচার ফর নেচার ফাউন্ডেশনের উদ্যোগে সমাজের বিশিষ্ট গুণীজন ও সামাজিক ও প্রশাসনিক ব্যক্তিবর্গের সাথে সংগঠনের সম্পাদক শুভদ্বীপ ঘোষ ও পরিবেশ শিক্ষক রাজদূত সামন্ত নিজদের নেশামুক্ত জীবন যাপনের উদাহরণ কে সামনে রেখে, সুশীল সমাজের সকল মানুষের কাছে নেশামুক্ত সমাজ গড়ার আহ্বান জানিয়ে ও আসন্ন ফাইহারিণী কালাীকজায় জেলার বহিঃরগির বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন জেলার শিকারিদের বন্যপ্রাণ শিকার প্রতিহত করার অঙ্গীকার এর আহ্বান জানান এবং কোন মানুষ যদি এলাকার কোথাও বন্যপ্রাণ শিকার করতে দেখেন তাহলে সাথে সাথেই ফিউচার ফর নেচার ফাউন্ডেশনের ও বন বিভাগের হেল্প লাইন নাম্বারে অভিযোগ জানানো আহ্বান জানান। ফিউচার ফর নেচার ফাউন্ডেশনের এই মহতী উদ্যোগকে সাধুধর্ম জানিয়ে আজকের বিষয়ের উপর আলোকপাত করতে উপস্থিত ছিলেন - মানস বসু, বন ও ভূমি কর্মাধ্যক্ষ, হাওড়া জেলা পরিষদ স্তম্ভর সামন্ত - কো -অর্ডিনেটর হাওড়া জেলা Bio Diversity board, শুভদ্বীপ ঘোষ, সম্পাদক, ফিউচার ফর নেচার ফাউন্ডেশন , রাজদূত সামন্ত, পরিবেশ শিক্ষক, শিবানী মণ্ডল , প্রধান হাটগাছ ১ গ্রামপঞ্চায়েত, ডঃ অর্পবদন্ত ইতিহাস গবেষক, মৌচুসী বীর অধ্যাপক - কবি ও বাচিক শিল্পী ও আরো অনেক বিশিষ্ট ব্যক্তিবর্গ। প্রগতিশীল ও ব্যতিক্রমী চিন্তা ধারায় শরিক হলেন LITTLE ART স্কুলের কর্ণধার তন্ময় সাত্তা। শুভদ্বীপ ঘোষ বলেন - স্কুলের শুরুর সময় থেকেই ছাত্র ছাত্রী দের মধ্যে তামাক সেবনের প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফিউচার ফর নেচার ফাউন্ডেশনের উদ্যোগে স্কুল এর ১০০ মিটারের মধ্যে যাতে কোনরকমের তামাক যত দ্রব্য ক্রয়- বিক্রয় না হয়, সেই বিষয়ে প্রশাসনের দৃঢ় পদক্ষেপ দাবী করাছি তাতে খানিকটা দলৌ ছাত্র ছাত্রীদের হাতে তামাক পৌঁছাবে না।

পোর্শে কাণ্ডে জড়ালো এনসিপি বিধায়কের নাম

পুণে, ১ জুন : পুণেতে পোর্শে কাণ্ডে ঘটনার তদন্তে নেমে আরও চাঞ্চল্যকর তথ্য এল তদন্তকারী আধিকারিকদের হাতে। জানা যাচ্ছে, অভিযুক্ত কিশোরের সাথে যাতে পুলিশ দূর্ব্যবহার না করে তার নাম নিজের প্রভাব খাটানোর চেষ্টা করছেন পুণের বিধায়ক সুনীল তিহেরা। তিনি অজিত পাওয়ার গোষ্ঠীর এনসিপি-র বিধায়ক। সুনীলের বিরুদ্ধে এই অভিযোগের চরম বিরোধিতা করেছে রাজ্যের উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ার। তিনি জানিয়েছেন, সুনীল তিংয়ের বিরুদ্ধে ঠাা সমস্ত অভিযোগ ভিত্তিহীন। উল্লেখ্য, পুণের রাস্তায় বিলাসবহুল গাড়ির ধাক্কায় দু’জনের মৃত্যু হয়। অভিযোগ, ঘটনার সময় মত্ত ছিল কিশোর। সেই তথ্য আ ডাল করতে সরকারি হাসপাতালে তার রক্তের নমুনা অন্য কারও সঙ্গে বদলে দেওয়া হয়েছিল বলে আগেই দাবি করেছিল পুলিশ।



লা মার্টিন স্কুলে ভোট দিলেন ইসকনের সাধু ব্রদ্ধচারীরা । নিজস্ব চিত্র

তৃণমূলের কেব্লাতে ধ্বস নামবেঃ আগাম ভবিষ্যতবাণী দিলীপের

দূরন্ত বার্তা, বর্ধমান, ১ জুন : সপ্তম তথা শেষ পর্বের ভোটগ্রহন পর্ব শেষ হল শনিবার। ভোট গননা ৪ জুন। কিন্তু ফল ঘোষনার আগেই এবারের লোকসভা নির্বাচনে তৃণমূলের কেব্লাতে ধ্বস নামবে বলে বর্ধমানে আগাম ভবিষ্যতবাণী করলেন বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ। শনিবার সকালে চা চক্রের অনুষ্ঠানে বসিরহাট এলাকায় বিজেপি কর্মীদের ওপর তৃণমূলের অত্যাচার প্রসঙ্গে বলতে গিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে দিলীপ ঘোষ। শনিবার আগের বর্ধমান শহরের টাউটন হল ময়দানে তিনি প্রাতঃভ্রমণ মকরেন পরে টাউন হল ময়দানেই ফ্রিক্টে খেলেন। তারপর তিনি সেখান থেকে বেরিয়ে সোজা চলে যান বর্ধমান শহরের বাদামতলা এলাকায় চৌধুরী মার্কেটের সামনে চা চক্র। সেখানেই সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে দিলীপ ঘোষ আরও বলেন এর আগের ফেজ গুলোতে পুলিশদের কাজে লাগিয়ে, ভয় দেখিয়ে আমাদের নেতাকর্মীদের গ্রেফতার করা হয়েছিল। সাধারণ মানুষ জনকে ভয় দেখানোর চেষ্টা করা হয়েছিল। নির্বাচন যত শেষের দিকে আগায়ে তৃণমূল ততই ভয় খাবে। সাধারণ মানুষ ঠিক করেই রেখেছেন কাকে ভোট দেবেন, ঠিক জায়গাতেই ভোট দেবেন। বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্র বলছেন এই প্রথম নিজের পছন্দমত ভোট দেব, সাংবাদিকদের প্রশ্নের জবাবে দিলীপ ঘোষ বলেন, রেখাপাত্র ঠিক কথাই বলেছেন। বর্ধমানের বহু জায়গায় কয়েক বছর পরে মানুষেরা নিজের মতো করে ভোট দিত সক্ষম হয়েছেন। গোটা পশ্চিমবাংলা জুড়েই এমনটা হয়েছে। মানুষ পরিবর্তনের পক্ষে ভোট দিয়েছেন বলে এদিন জানান দিলীপ ঘোষ।

৪.৯৪ লাখ অ্যান্ড্রয়েড এবং ৫৮২০ আইওএস ব্যবহারকারী ‘মেট্রো রাইড কলকাতা’ অ্যাপ ডাউনলোড করেছে

কলকাতা, জুন ৪ ‘মেট্রো রাইড কলকাতা অ্যাপ’ তার ক্রমবর্ধমান জনপ্রিয়তার সাথে আরেকটি মাইলফলক স্পর্শ করেছে! এখন পর্যন্ত ৪.৯৪ লক্ষের বেশি অ্যান্ড্রয়েড এবং ৫৮২০ আইওএস ব্যবহারকারী এই অ্যাপটি ডাউনলোড করেছেন। সেন্টার ফর রেলওয়ে ইনফরমেশন সিস্টেমস দ্বারা তৈরি এই অ্যাপটি শুরু থেকেই ব্যবহারকারীদের মধ্যে জনপ্রিয়। এই অ্যাপটি মেট্রো যাত্রীদের তাদের স্মার্ট কার্ড রিচার্জ করতে বা কিউআর কোড ভিত্তিক টিকিট যেকোন সময় যেকোন স্থান থেকে বুক করতে সক্ষম করেছে। যাত্রীদের সুবিধার জন্য, ‘মেট্রো রাইড কলকাতা’ অ্যাপটি ০৫.০৬.২০২২ তারিখে অ্যান্ড্রয়েড প্ল্যাটফর্মে এবং ২২.০৬.২০২৪ তারিখে KS প্ল্যাটফর্মে চালু করা হয়েছিল। ৬১.০৫.২০২৪ পর্যন্ত, ৪.৯৪ লক্ষেরও বেশি অ্যান্ড্রয়েড ব্যবহারকারী গুগল প্লে স্টোর থেকে এই অ্যাপটি ডাউনলোড করেছেন এবং ৫৮২০ জনেরও বেশি আইওএস ব্যবহারকারী অ্যাপল স্টোর থেকে এই অ্যাপটি ডাউনলোড করেছেন। এই পরিসংখ্যানগুলি মেট্রো ব্যবহারকারীদের মধ্যে এই অ্যাপটির গ্রহণযোগ্যতা এবং জনপ্রিয়তা নির্দেশ করে। এটি সম্পর্কে আরও যাত্রীদের সচেতন করার জন্য, উত্তর-দক্ষিণ এবং পূর্ব-পশ্চিম মেট্রো স্টেশনগুলির প্ল্যাটফর্ম টেলিভিশনগুলিতে এই অ্যাপটি কীভাবে ডাউনলোড এবং ব্যবহার করতে হবে সে সম্পর্কে বিশেষ প্রচারমূলক চলচ্চিত্রগুলি দেখানো হচ্ছে। মেট্রো কর্মীরা যাত্রীদের গুগল প্লে স্টোর এবং অ্যাপল স্টোর থেকে এই অ্যাপটি ডাউনলোড করতে এবং বিভিন্ন স্টেশনে এটি ব্যবহার করার পদ্ধতি দেখাতে সহায়তা করছেন।

এসএফআই ও ডিওয়াইএফআই-এর বিরুদ্ধে অভিযোগ বিজেপি যুবমোচার

ত্রিপুরা, ১ জুন : গত কয়েকদিন যাবত বামপন্থী ছাত্র-যুব সংগঠন এসএফআই এবং ডিওয়াইএফআই ত্রিপুরার আটটি জেলায় মহকুমাশাসক থেকে শুরু করে জেলাশাসকের কাছে শিক্ষা ব্যবস্থা, পানীয় জল, বিদ্যুৎ, রোগা, টুয়েপ সহ সমস্ত শ্রমিকদের কাজের ব্যবস্থা করা এবং কাজ শেষে ক্ষত মজুরি প্রদান, ২০০ দিনের কাজ ও মজুরি ৬০০ টাকা করার দাবি জানাচ্ছে। এ সমস্ত বিভিন্ন দাবিতে বিগত কিছুদিন যাবত বিভিন্ন এলাকায় মহকুমাশাসক ও জেলাশাসকের কাছে ডেপুটেশন প্রদান করছে বামপন্থী ছাত্র-যুব সংগঠনগুলি। এদিকে শাসকদল বিজেপির যুবমোর্চা কর্মীদের দাবি, বিরোধী দল সিপিআইএমের যখন রাষ্ট্রপতি করার কোনও পথ থাকে না তখন তারা শাসকদল বিজেপির বিরুদ্ধে বিভিন্নভাবে অপপ্রচার এবং কুৎসা রটিয়ে দলকে কালিমালিপ্ত করার চেষ্টা চালাচ্ছে। রাজ্যে রোগা ও টুয়েপ সমস্ত শ্রমিকদের সঠিকভাবে কাজ করানো হচ্ছে। রোগার শ্রমিকদের সঠিকভাবে মজুরি প্রদান করা হচ্ছে। বিদ্যাজোতি স্কুলে শিক্ষার মান এগিয়ে নিয়ে যাচ্ছে রাজ্য শিক্ষা দপ্তর। প্রত্যেক বাড়িতে পানীয় জলের ব্যবস্থা করেছে বিজেপি সরকার। বিদ্যুতের ব্যবস্থা রাজ্যে বর্ডমানে স্বাভাবিক অবস্থায় রয়েছে। তথাপিও বামপন্থী ছাত্র-যুব সংগঠন বিভিন্নভাবে শাসকদল বিজেপির বিরুদ্ধে কুৎসা ও অপপ্রচার চালাচ্ছে। তার প্রতিবাদে রাস্তায় নামে বিজেপি যুবমোর্চা। আজ শনিবার বিশালগড় বিজেপি মণ্ডল কার্যালয়ের সামনে থেকে বামপন্থী ছাত্র-যুব সংগঠনের কুৎসা ও অপপ্রচারের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়। মিছিলে ছিলেন বিধায়ক সুশান্ত দেব, বিশালগড় বিজেপি মণ্ডল যুবমোর্চার সভাপতি অনুরাগ চক্রবর্তী সহ মোর্চার বহু কার্যকর্তা। এদিনের মিছিল বিশালগড় মণ্ডল কার্যালয় থেকে শুরু করে বিশালগড়ের বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় মণ্ডলে কার্যালয়ে গিয়ে সমাপ্ত হয়। বিধায়ক সুশান্ত দেব বলেন, শাসকদল বিজেপির বিরুদ্ধে কুৎসা ও অপপ্রচারের বিরুদ্ধে যোগ্য জবাব দেওয়ার জন্য প্রস্তুত যুবমোর্চা।

ইজরায়েলের যুদ্ধবিরতির প্রস্তাবকে ইতিবাচকই ভাবছে হামাস, জো-র ভাবনাকে স্বাগত বিশ্বনেতাদের



ইজরায়েল, ১ জুন : গাজায় পূর্ণ যুদ্ধবিরতি প্রতিষ্ঠায় ইজরায়েলের ভাবনাচিন্তাকে ইতিবাচক হিসেবে বিবেচনা করার কথা জানিয়েছে প্যালেস্টাইনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেণ্ট জে বাইডেনে এই রূপরেখা বিস্তারিত ভাবে তুলে ধরেন। ইজরায়েলের যুদ্ধবিরতি প্রস্তাবের কথা ঘোষণা করে বাইডেন

প্রায় আট মাস ধরে চলা গাজায়ুদ্ধে সমাপ্তি টানার আহ্বান জানান। যদিও এই বাতাবরণে ছদ্মপতনও ঘটেছে। ক্রত ইজরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু বাইডেনের এই শান্তি-আলোচনা শুক্রর আহ্বানে নেতিবাচক মনোভাব দেখান। জের দিয়ে তিনি বলেন, হামাসের গাজা শাসন করার ক্ষমতা ও ইজরায়েলের জন্য তা ভয়ের হয়ে

ইতিবাচকভাবে দেখছে তারা। হামাসের প্রতি যুদ্ধবিরতি প্রস্তাব মেনে নেওয়া ও গাজায় যুদ্ধের অবসান ঘটাতে প্রেসিডেন্ট বাইডেনের আহ্বানের সঙ্গে সুর মিলিয়েছেন ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী ডেভিড ক্লার্কও। আর গাজায় যুদ্ধবিরতি প্রতিষ্ঠার সম্ভাবনা নিয়ে এমন অন্তত ভাবনাচিন্তার স্তরে এই অগ্রগতিতে রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসও আশাবাদী। প্রস্তাবটি তিনটি পর্যায়ে বাস্তবায়িত করার কথা ভাবা হয়েছে। প্রথম পর্যায়ে ছ’সপ্তাহের যুদ্ধবিরতি কার্যকর হবে। এই সময়ে গাজায় সব জনবহুল এলাকা থেকে ইজরায়েলি সেনাদের সরিয়ে নেওয়া হবে। দুপক্ষই নির্দিষ্টসংখ্যক বর্দিদের মুক্তি দেবে। গাজার সব এলাকায় আসামরিক প্যালেস্টাইনিদের ঘরে ফেরার সুযোগ দেওয়া হবে। পাশাপাশি মানবিক বিধানের বিরুদ্ধে কুৎসা এবং এ উপত্যকার পুনর্গঠন ও বন্দি বিনিময় নিয়ে বাইডেনের বক্তব্যকে

তিহাড় থেকেই দলের কর্মীদের বড় বার্তা কেপ্টর!

নয়াদিল্লি, ১ জুন : দেড় বছর সময় ধরে জেলবন্দি তিনি। গরু পাচার মামলায় সিবিআইয়ের হাতে গ্রেপ্তার হয়েছিলেন তিনি। তার পরেই দিল্লির তিহাড় জেলে রয়েছেন বীরভূমের দাপুট তৃণমূল নেতা অনুরত মণ্ডল। এই প্রথম তাঁকে ছাড়াই বীরভূমে নির্বাচন হয়ে গেল। আর চর্কিশের লোকসভা নির্বাচনের শেষলগ্নে এসে বন্দি দশা থেকেই বার্তা দিলেন কেপ্ট। তাঁর অনুপস্থিতিতে জেলার দলীয় সংগঠনে অনেক ফাঁকফোকর তৈরি হয়েছে, তা জানতে পেয়েই অনুগামীদের উদ্দেশ্যে কেপ্টর বার্তা, আমায় ফিরতে দে, তার পর যা বলার বলবা। বীরভূম থেকে বহু দূরে তিহাড় জেলে থাকা থাকলেও দোর্দণ্ডপ্রতাপ তৃণমূল নেতা অনুরত মণ্ডলের আত্মশ্রমশাস কর্মনি এতটুকুও। তাঁর দাবি, ভোটারের পরই জেল থেকে বেরনেন তিনি। এমনকী আবার নিজের হাতেই সাজাতে পারেন তৃণমূলের সংগঠন। তিহাড় জেলে বসেও সব খবরাখবর নেন তিনি। জেলার রাজনীতি, রাজ্য রাজনীতি থেকে দেশের সমস্ত রাজনৈতিক খবরাখবর রাখেন অনুরত। যারা তাঁর সঙ্গে দেখা করতে জেলে যান, তাদের কাছ থেকে সমস্ত খবর নেন বীরভূমের তৃণমূল জেলা সভাপতি। এবার তাদের মাধ্যমেই দলের কর্মীদের উদ্দেশ্যে বার্তা দিলেন কেপ্ট। তাঁর অনুপস্থিতিতে যে জেলার বেশ কয়েকজন নেতা সংগঠনের মাথা হয়ে বসতে চাইছে, এমন খবর তাঁর কানে গিয়েছে। দলের অন্দরে ‘ আভাস পেয়েছেন কেপ্ট। এসব তিনি মেনে নিতে পারছেন না। তৃণমূল সূত্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় আগেই জানিয়ে দিয়েছেন, জেলে থাকলেও খাতায়-কলমে জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি অনুরত মণ্ডলই। কিন্তু তার পরেও জেলার কয়েকজন নেতা নিজদের মতো করে এলাকায় দল চালাতে চাইছেন বলে গুঞ্জন শুনতে পেয়েছেন তিনি। যা একেবারেই পছন্দ নয়।

প্রৌঢ় খুন, প্রথম পক্ষের স্ত্রীর মামার বিরুদ্ধে মামলা রুজু

দূরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ১ জুন : ইটভাটায় কাজ করে বাড়ি ফেরার পথে ধারালো অস্ত্রের আঘাতে খুন হলেন এক বাক্তি। পরিবারের অভিযোগ, এক আত্মীয়ই হত্যা করেছেন মহসিন শেখ নামে ৪০ বছরের ওই ব্যক্তিকে। তাঁর দ্বিতীয় পক্ষের স্ত্রীর অভিযোগের ভিত্তিতে প্রথম পক্ষের স্ত্রীর মামার বিরুদ্ধে মামলা রুজু করেছে পুলিশ। মুর্শিদাবাদের সূতি থানা এলাকার একটি ইটভাটায় থাকা কনভেনে মহসিন। বছর দশেক আগে তাঁর প্রথম বিয়ে হয়। তাঁদের সন্তানও আছে। তার পরেও বছর দুই আগে দ্বিতীয় বিয়ে করেন মহসিন। সেই থেকেই পরিবারে অশান্তির সূত্রপাত। প্রথম পক্ষের স্ত্রী বার কয়েক স্থানীয় বিরুদ্ধে বধু নির্ধাতনের অভিযোগও দায়ের করেন। তার মধ্যেই খুন হয়ে গেলেন মহসিন। পুলিশ সত্বে খবর, শুক্রবার রাত্তে কাজ শেষ করে বাড়ি ফিরছিলেন মহসিন। সেই সময় তার প্রথম পক্ষের স্ত্রীর মামা আব্দুল খালেক হাঁসুয়া এবং চাকু নিয়ে মহসিনের উপর হামলা চালান বলে অভিযোগ উঠেছে। ঘটনাস্থলে রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন মহসিন। স্থানীয়েরা সূতির সাজুর মোড় এলাকা থেকে মহাসিনকে উদ্ধার করে মহীশাইল ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান। সেখানে তাঁর অবস্থার অবনতি হলে নিয়ে যাওয়া হয় জঙ্গিপুর মহকুমা হাসপাতালে। কিন্তু চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় ওই ব্যক্তির। দ্বিতীয় পক্ষের স্ত্রী এবং মহসিনের পরিবারের অন্যান্য সদস্যের অভিযোগের ভিত্তিতে অভিযুক্ত মামাশুস্তর আব্দুল খালেকের বাড়িতে তল্লাশি শুরু করে পুলিশ।

PWD (GOVT OF WB) TENDER NOTICE

Executive Engineer, PWD, Dakshin Dinajpur Electrical Division Invites Short Notice Inviting Quotation for the work of " Providing lighting system in c/w post/post L/O duty, Accommodation of CAPF, ensuing Parliament General Election-2024- Electrical works--- For 07 (Seven) nos. PS." NIO No.: DDED/ NIEN- 02 of 2024- 25, submission closing date 02.06.2024 upto 11.30 AM., Corrigendum if any will be published in website only.

Sd/-

Executive Engineer, PWD Dakshin Dinajpur Electrical Division

বাংলাদেশের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচকে প্রবল গুরুত্ব দিচ্ছেন রোহিত



১ জুন : একে তো টুর্নামেন্টের বাদ্যবাকি দলগুলোর ছুঁড়ে দেওয়া চ্যালেঞ্জ। অন্য দিকে, সম্পূর্ণ ভিন্ন সময়ে খেলতে নামা। সব মিলিয়ে, আসন্ন বিশ্বকাপে রোহিত শর্মার ভারতের কাজ খুব সহজ নয়। বিশ্বকাপ হোক আর যা-ই হোক। সাধারণত, টি-টোয়েন্টি ম্যাচ রাতে হয়ে থাকে। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজের সঙ্গে যেহেতু বাকি পৃথিবীর

সময়ের ফারাক বিশাল, তাই খেলার সময় বদলে গিয়েছে। ভারতের খেলা যেমন হবে স্থানীয় সময় সকাল সাড়ে দশটা থেকে। যাতে ভারতীয় দর্শকদের দৈনন্দিন কাজকর্ম মিটিয়ে বিশ্বকাপ দেখতে কোনও সমস্যা না হয়। মুশকিল হল, অ্যাডজাস্টমেন্ট যা করার, টিমকে করতে হবে। যা করা, মোটেও জলব তরলং নয়। কারণ, গত দু’মাস ধরে রাতে আইপিএল ম্যাচ খেলার পর বিশ্বকাপ খেলতে গিয়েছেন ক্রিকেটাররা। যে কারণে, আজ বাংলাদেশের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচকে প্রবল গুরুত্ব দিচ্ছেন রোহিত। ভারত অধিনায়ক চান না, পরিবেশ নিয়ে টিম বামেলায় পড়ুক। তিনি চাইছেন, যতটা সম্ভব নিজেদের তৈরি করে নামতে। ‘প্রস্তুতি ম্যাচ খেলার চেয়েও আমাদের কাছে গুরুত্বপূর্ণ নিউ ইয়র্কের পরিবেশ বুঝে ওঠা। আমরা এখানে কখনও আগে খেলিনি। তাই ৫ জুন টুর্নামেন্ট শুরুার আগে বর্তটা সম্ভব তৈরি করে নিতে চাই নিজেদের,”’ আইসিসি-কে দেওয়া সাক্ষাৎকারে বলে দিয়েছেন রোহিত। পরিবেশের মতো আরও একটা সমস্যার সম্মুখীন হতে হবে ভারতীয় টিমকে। সেই সমস্যার নাম পিচ। কারণ, যে মাঠে খেলা, সেখানে ‘ইন’ পিচের বন্দোবস্ত করা হয়েছে। যে পিচে খেলে খুব একটা অবশ্যই না ভারত। ‘ মাঠ, পিচ এ সমস্তর সঙ্গে সহজাত হয়ে যাওয়া জরুরি। নিজেদের ছন্দ পায়। জরুরি,”’ সঙ্গে যোগ করেছেন রোহিত।বিশ্বকাপের ভারতীয় দলের প্রথম যে গ্রুপটা মার্কিন যুক্তরাষ্ট্রে পদার্পণ করেছে, সেখানে ছিলেন রোহিত। সঙ্গে মহম্মদ সিরাজ, সূর্যকুমার যাদব, জসপ্রীত বুমরা, শিবম দুবে, রবীন্দ্র জাদেজারা। তবে শুধুমাত্র ট্রেনিংই নয়। সময় বার করে যে মাঠে ভারতের খেলা হবে, সেখানেও ঘুরে এসেছেন রোহিত। শুক্রবারই ভারতীয় কোচ রাহুল দ্রাবিড়ের সঙ্গে তিনি গিয়েছিলেন নাসাও কাউন্টি আন্তর্জাতিক স্টেডিয়ামে। বিশ্বকাপ টুর্মির সঙ্গে একটা কোটােসেপন ছিল।পরে রোহিত বলেছেন, ‘ সুন্দর মাঠ। আর খোলা মাঠ। আমার তো প্রথম ম্যাচ খেলতে নামার জন্য আর তর সহিছে না। আর মাঠের দর্শকসংও মন্দ নাকি।’ ভারতীয় টিমের প্র্যাকটিস পর্ব চলছে ক্যান্টন গার্পে। এ দিন ব্রিক্কে প্র্যাকটিস সেশন রাখা হয়েছিল। বিশ্বকাপ টিমের সঙ্গে যোগ দেওয়া একমাত্র বিরাট কোহলির। এ দিন তিনি ভারতীয় শিবিরে ঢুকতে পড়লেন। বোর্ডের এক কর্তা যা বলে দিলেন। উস্টো দিকে বাংলাদেশ, যাদের বিরুদ্ধে আজ প্রাক বিশ্বকাপ প্রস্তুতি ম্যাচে নামছে ভারত, তারা কিছুটা দুশ্চিন্তায়। না, মাঠ কিংবা পরিবেশ, বাংলাদেশের চিন্তার কারণ নয়। নাজমুল হাসান শান্তনের দুশ্চিন্তার কারণ, বিশ্বকাপ শুরুর কয়েক দিন আগে মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে স্তব্ধ করে দেওয়া সিরিজ হারা। গত সপ্তাহেই মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে ১-২ টি-টোয়েন্টি সিরিজ হেরেছে বাংলাদেশ। যার পর প্রবল সমালোচনার মুখে পড়তে হয়েছে সাকিব-আল-হাসানদের। সেই অবস্থায় অনিদ্রাসপদর মাঠে ভারতের বিরুদ্ধে প্রত্যাবর্তনের স্বপ্ন দেখছেন শান্তরা।

ভারতের বিশ্বকাপ পরিকল্পনা নিয়ে সতর্কবার্তা প্রাক্তন তারকার



১ জুন : দিন কয়েকের মধ্যেই শুরু হতে চলেছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। বহু বছর আইসিসি টুর্কি অধরা টিম ইন্ডিয়ায়। রোহিত শর্মাদের হাত ধরে ফের বিশ্বজয়ের স্বপ্নে বৃন্দ দেশবাসী। কিন্তু টি-২০ অভিযান শুরু আগেই ভারতের থিফট্যাক্সকে সতর্ক করলেন ব্রায়ান লারা। খাতায়-কলমে যথেষ্ট শক্তিশালী ভারতের ক্রিকেট দল। যাই বা যেমন রোহিত, বিরাটরা আছেন, তেমনই বোলিং বিভাগ সামালবেন জসপ্রীত বুমরাহ। টি-টোয়েন্টি ক্রিকেটের এক নম্বর ব্যাটার সূর্যকুমার যাদব মাঝের সারি সামালবেন। কুলদীপ যাদব, যজুবেন্দ্র চাহালের শ্রীলঙ্কা জুটি প্রতিপক্ষের পরীক্ষা নেবে। সব মিলিয়ে তারকাখচিত দল নিয়েই মাঠে নামছে ‘মেন ইন ব্লু’। সেটা নিয়েই চিন্তিত প্রাক্তন ক্যারিবিয়ান তারকা ব্রায়ান লারা। তিনি বলেন, ভারতের মূল সমস্যা বিশ্বকাপের অত্যা। একদিনের বিশ্বকাপ হোক বা টি-টোয়েন্টি, আমার অন্তত বাইরে থেকে সেটাই মনে হয়েছে। শেষ মুহূর্তে কি করা উচিত, তা বুঝে উঠতে পারে না। দলে যত তারকাই থাক, তাতে কিছু বদলাবে না। বিশ্বকাপ জিতে টিমের আক্রমণের পরিকল্পনা ভালোভাবে সাজানো দরকার। তবে ক্যারিবিয়ান কিংবদন্তি সম্পূর্ণ ভরসা রয়েছে রাহুল দ্রাবির উপর। বিশ্বকাপ শেষ হলেই সরে যাবেন ভারতীয় ক্রিকেট কোচ। তাকে নিয়ে লারা বলেন, আশা করি, দ্রাবি। টিম্কাট পরিকল্পনা অনুযায়ী এগোতে পারবে। বিশ্বকাপ জেতার জন্য সবাইকে একাবদ্ধ রাখা দরকার। দ্রাবিরা কি সঠিক রাস্তায় হাঁটতে পারবেন? সেটা বিশ্বকাপের বল গড়ালেই বোঝা যাবে। তাদের প্রথম ম্যাচ ৫ জুন আয়ারল্যান্ডের বিরুদ্ধে। ৯ জুন চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের সঙ্গে মহারণ।

টি-২০ বিশ্বকাপ নিয়ে কি জানালেন পন্টিং

নিউইয়র্ক, ১ জুন : বিশ্বকাপ শুরুর আগেই অস্ট্রেলিয়ান কিংবদন্তি রিকি পন্টিং বেছে নিলেন এবারের বিশ্বকাপের সর্বোচ্চ রান ও উইকেট শিকারিকে। সেই দু’জনের মধ্যে রয়েছেন এক জন ভারতীয়ও। আইসিসি-র এক ভিডিয়োয় পন্টিং বলেছেন, এবার বিশ্বকাপে সবচেয়ে বেশি রান করবেন অস্ট্রেলিয়ার ট্রেভিস হেড। আর সবচেয়ে বেশি উইকেট নেবেন ভারতের যশপ্রীত বুমরা। বুমরা কে গিয়ে রেখেছি এই কারণে, বুমরার গুরুত্বপূর্ণ সময়ে উইকেট তোলার ক্ষমতা আছে। অসাধারণ ক্রিকেটার ও। দলের হয়ে অবদান রাখছে। অসাধারণ একটা আইপিএল মরসুম কাটিয়ে বিশ্বকাপ খেলতে এসেছে ও। আর ট্রেভিসকে এগিয়ে রাখার কারণ হিসাবে পন্টিং বলেছেন, লাল বলের ক্রিকেট হোক বা সাদা বলের, গত দু’বছরে নিজেকে অন্য উচ্চতায় নিয়ে গিয়েছে ট্রেভিস। এই মুহূর্তে ও ওয়ডহরইন দ্রুকেই খেলছে।

রিয়ালকে

১ জুন : সামাজিক যোগাযোগমাধ্যমে গত কয় দিন ধরে রিয়াল মাদ্রিদ যত পোস্ট করছে, সব কটিতেই হ্যাশট্যাগ দিয়ে লেখা ‘আ পোর লা ১৫’। স্প্যানিশ ভাষায় যার অর্থ ‘১৫-র জন্য’। এই ‘কথাটির মধ্যেই আসলে রিয়ালের লক্ষ্য লুকিয়ে। লন্ডনের ওয়েস্টলি স্টেডিয়ামে আজ রাতে বরসিয়া উর্টমুন্ডকে হারাতেই পারলেই ১৫তম বারের মতো উয়েফা চ্যাম্পিয়নস লিগ শিরোপা জিতবে রিয়াল। ইউরোপীয় ক্লাব ফুটবলের শীর্ষ এই প্রতিযোগিতার ইতিহাসের সেরা ক্লাবটি এখন সেই অপেক্ষায়। এ কারণেই টিসি ক্লাব-জুড বেলিংহামদের অনুশীলন, খিবা কোতোয়া-তিনিসিয়ুস জুনিয়রদের লন্ডনে আগমন, কার্লো আনচেলত্তি-নাচো-লুকা মদরিচদের সংবাদ সম্মেলন- ‘লস বাঙ্কোস’দের পোস্ট করা সব ছবি ও ভিডিওতেই লেখা ‘আ পোর লা ১৫’। শক্তি-সামর্থ্যের নিরিখেও রিয়াল আজ নিরঙ্কুশভাবে এগিয়ে। নিজেদের সর্বশেষ ৮ ফাইনাল জয়ের সৌরবনয় ইতিহাস তো আছেই। তেরাজিচের কৌশলগত ‘ উর্টমুন্ডকে

দ্রাবিড়ের উত্তরসূরি হিসাবে দুবার বিশ্বকাপজয়ী

গম্ভীর কি ভালো হেডস্যার হবেন? ‘কোচ বাছাই’ নিয়ে মন্তব্যের মাঝেই উত্তর সৌরভের

১ জুন : টি-টোয়েন্টি বিশ্বকাপের পরেই জাতীয় দলের দায়িত্ব থেকে সরে যাবেন রাহুল দ্রাবিড়। তার জায়গা পূরণ করবেন কে, এই ছিল প্রশ্ন। কেকেআর মেন্টর গৌতম গম্ভীরকে নিয়ে জল্পনা তুঙ্গে। প্রাক্তন বিসিসিআই প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায়ও আশাবাদী তাকে নিয়ে। সোশাল মিডিয়ায় আগের দিনের বিতর্কিত পোস্টের পর গম্ভীরের পাশে দাঁড়ালেন তিনি। কেকেআরের দায়িত্ব নিয়েই আইপিএল চ্যাম্পিয়ন করেছেন গম্ভীর। এমনকী তিনি বোর্ডকে সবুজ সিগন্যাল দিয়েছেন বলেই খবর। সেই সিদ্ধান্ত নিয়ে সন্তুষ্ট সৌরভও। তাঁর মতে, আমি সবসময়ই চাই একজন ভারতীয় কোচ হোক। যদি ও আবেদন করে থাকে, তাহলে গম্ভীর ভালো কোচ হবে। কেন এই মন্তব্য প্রাক্তন ভারত অধিনায়কের? সেটাও ব্যাখ্যা করেছেন সৌরভ। একটি ক্রীড়াবিষয়ক ওয়েবসাইটকে তিনি বলেন, আইপিএলে আমি দিল্লির দায়িত্ব ছিলাম। ও কেকেআরের হয়ে কাজ করেছি। গম্ভীরের ম্যাচ জেতার খিদের আর আবেগ দেখা গিয়েছে সেখানে। তবে একই সঙ্গে গম্ভীরকে সতর্কও করেছেন তিনি। সৌরভ বলেন, একটা ফ্র্যাঞ্চাইজি দলের সঙ্গে জাতীয় দলের কোচ হওয়ার অবশ্যই তফাক

রয়েছে। তাও আবার ভারতের মতো বড় মাপের দলের ক্ষেত্রে। কিন্তু আমি নিশ্চিত গৌতম সে বিষয়ে সচেতন।



কোচের নির্দেশ এবং অবিরাম পরিশ্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ। তা সে মাঠে হোক বা মাঠের বাইরে। তাই কোচ ও

বিরাট-রোহিতদের মতো তারকাদের কীভাবে সামলাতে হয়, সেটা ও জানতে পারবে। সাজঘরের সংস্কৃতির সঙ্গেও নিজেকে মানিয়ে নিতে পারবে। উল্লেখ্য, বৃহস্পতিবার তিনি এক্স-হ্যাণ্ডেল লিখেছেন, একজনের ভবিষ্যতের চেহারা তৈরি করতে

প্রতিষ্ঠান বুঝেছেন। বাছা উচিত। সেটা নিয়ে জল্পনা ছড়িয়েছিল। তবে তাঁর পোস্টে কোথাও ক্রিকেট বা ভারতীয় জাতীয় দলের উল্লেখ ছিল না। এবার তিনি প্রকাশ্যেই গম্ভীরের সমর্থনে তার পাশে দাঁড়ালেন। তিনি মন থেকে চান গৌতম গম্ভীরই ভারতীয় টিমের কোচ হোক।

আল নাসেরের জার্সিতে হাতছাড়া আরও এক ট্রফি, চোখের জলে মাঠ ছাড়লেন রোনাল্ডো

১ জুন : সৌদি প্রো লিগে সফলতা আনেনি এবছরও। কিংস কাপ ফাইনালেও পর্টিবারের ব্র্যান্ডি’ওর জয়ী তারকা। সতীর্থদের সান্নাধ্য সঙ্গেও কিছুতেই তাঁর চোখের জল বাধ মানেনি। এদিন ৭ মিনিটে আল ইল্যালে কে এগিয়ে দেন মিত্রোভিচ। আল নাসেরের বিপদ আরও বাড়িয়ে ৫৭ মিনিটে গোলকিপার ওসপিনা লাল কার্ড দেখেন। গ্লোটা ম্যাচ জুড়েই অসংখ্য গোল মিস করেন আল নাসেরের ফুটবলাররা। সৌদি লিগে ৬৫ গোল করা রোনাল্ডোও গোল

ট্রফি। ইংল্যান্ড, স্পেন ও ইতালির লিগে দাপট দেখিয়েছেন তিনি। কিন্তু এখনও সৌদি লিগ জিততে পারেননি। কিংস কাপেও বার্থ হলেন। তার পরই কান্নায় ভেঙে পড়েন পর্টিবারের ব্র্যান্ডি’ওর জয়ী তারকা। সতীর্থদের সান্নাধ্য সঙ্গেও কিছুতেই তাঁর চোখের জল বাধ মানেনি। এদিন ৭ মিনিটে আল ইল্যালে কে এগিয়ে দেন মিত্রোভিচ। আল নাসেরের বিপদ আরও বাড়িয়ে ৫৭ মিনিটে গোলকিপার ওসপিনা লাল কার্ড দেখেন। গ্লোটা ম্যাচ জুড়েই অসংখ্য গোল মিস করেন আল নাসেরের ফুটবলাররা। সৌদি লিগে ৬৫ গোল করা রোনাল্ডোও গোল

পাননি। ম্যাচের একেবারে শেষের দিকে সমতা ফেরায় তারা। একই সময়ে আল ইল্যালের দুই ফুটবলার লাল কার্ড দেখেন। শেষ পর্যন্ত জেদার কিং আবদুল্লাহ টেলিভিশনে টাইব্রেকারে ৫-৪ গোলে হারে আল নাসের। এবছর টুর্মির বুলি শূন্য রইল রোনাল্ডোর। তিনি গোল করলেও আল নাসেরের শেষ দুটি শট ঠেকিয়ে নায়ক গোলকিপার ইয়াসিন বোনো। টোয়ের জন্য নেইমার না খেললেও উদযাপনের জন্য ছুটে আসেন। সেই সময় চোখের জলে মাঠ ছেড়ে ডাগআউটে গিয়ে বসেন রোনাল্ডো। কিন্তু সেখানেও কাদতে দেখা যায় তাঁকে।

৩০৬টি বাজি ধরে ৩ মাস নিষিদ্ধ ইংল্যান্ডের ফাস্ট বোলার কার্স

১ জুন : ইংল্যান্ড জাতীয় দল ও ডারহাম কাউন্টি ক্লাবের ফাস্ট বোলার ব্রাইডন কার্সকে সব ধরনের ক্রিকেট থেকে ৬ মাসের জন্য নিষিদ্ধ করা হয়েছে। এর সঙ্গে আরও ১৬ মাসের স্বগির্তাদেশ নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। ২০১৭ থেকে ২০১৯ সালের মধ্যে বেশ কয়েকটি ক্রিকেট ম্যাচে মোট ৩০৬টি বাজি ধরেছিলেন কার্স, যদিও সেসব ম্যাচে তিনি খেলেননি। ২৮ বছর বয়সী কার্সের বিরুদ্ধে ক্রিকেটের দুর্নীতিবিরোধী নিয়ম লঙ্ঘনের অভিযোগ আনে ইংল্যান্ড ও ওয়েসল ক্রিকেট বোর্ডের (ইসিবি) নতুন স্বাধীন সংস্থা ‘ক্রিকেট রেগুলেটর’। এই সংস্থার কাজ হলো খেলাটির নিয়মনীতির সঙ্গে সম্পর্কযুক্ত বিষয়াদি পর্যবেক্ষণ করা এবং নিয়মনীতির প্রতি সবার অনুগত জোরদার করা। কার্সের বিরুদ্ধে ওটা অভিযোগ নিয়ে তদন্ত করার পর তাঁর দায় খুঁজে পেয়েছে ‘ ক্রিকেট রেগুলেটর’। সংস্থাটির কাছে তিনি দোষ স্বীকারও করেছেন। কার্স যে ৩০৬টি বাজি ধরেছেন, সেসব ম্যাচে তিনি না খেললেও ক্রিকেটের দুর্নীতিবিরোধী একটি ধারায় স্পট ট্রেন্ডে আছে, পেশাদার কোনো খেলোয়াড়, কোচ, কোচিং স্টাফের সদস্য এবং খেলাটির সঙ্গে সংশ্লিষ্ট কেউ বিশেষ কোথাও বাজি ধরতে পারবেন না। ‘ক্রিকেট রেগুলেটর’ বিবৃতিতে বলেছে, ‘ কাজে কার্স আমাদের সহযোগিতা বন্ধ করেছেন এবং কৃতকর্মের জন্য অনুশোচনা করেছেন।’ কার্স বলেছেন, ‘ বেশ কয়েক বছর



আগে ধরলেও এটিকে অজুহাত হিসেবে দাঁড় করাতো চাই না। আমি আমার কার্যকলাপের সব দায় (মাথা পেতে) নিচ্ছি। এই কঠিন সময়ে আমাদের সমর্থন দেওয়ায় আমি ইসিবি, ডারহাম এবং প্রফেশনাল ক্রিকেটার্স অ্যাসোসিয়েশনকে ধন্যবাদ জানাতে চাই। আগামী ১২ সপ্তাহ আমি কঠোর পরিশ্রম করব এবং এটা দিচ্ছেন, তা আবারও খেলতে নেমে শোখ করব। ইংল্যান্ডের হয়ে এখন পর্যন্ত ১৪ ওয়ানডে এবং ৬ টি-টোয়েন্টি খেলেছেন কার্স। দুই সংস্করণ মিলিয়ে নিয়েছেন ১৯ উইকেট। সর্বশেষ গত বছরের ডিসেম্বরে ওয়েস্ট ইন্ডিজ সফরে জাতীয় দলের জার্সিতে দেখা গেছে তাঁকে। গত বছর তিনি ইসিবির সঙ্গে ২ বছরের চুক্তি করতে রাজিও হয়েছিলেন। আগামী জুলাইয়ে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে লর্ডস স্টেড খেলে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানানো জিমি অ্যান্ডারসন। ৪১ বছর বয়সী অ্যান্ডারসনের জায়গায় কার্সকে কেন্দ্রীয় তক্তিতে আনতে চেয়েছিল ইসিবি। কার্সের শাস্তির মোাদ শেষ হবে আগামী ২৮ আগস্ট। এ সময়ে তিনি ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টেস্ট সিরিজ এবং ডারহামের হয়ে খেলতে পারবেন না। তবে তাঁর নিষেধাজ্ঞা উঠে যাওয়ার পরদিনই শ্রীলঙ্কার বিপক্ষে সিরিজের দ্বিতীয় টেস্ট খেলতে নামবে ইংল্যান্ড। ইসিবি চাইলে যে ম্যাচ দিয়েই কার্সকে ফেরাতে পারবে।

‘পরোয়া করেন না ডর্টমুন্ড কোচ

চ্যাম্পিয়নস লিগ ফাইনালে নিয়ে এসেছে। তবে শিরোপার লাইয়ের আগে আনচেলত্তির দলকে যেন



একরকম হুমকিই দিয়ে রাখলেন উর্টমুন্ড কোচ এদ্রিন তেরাজিচ। সংবাদ সম্মেলনে তেরাজিচ জানিয়েছেন, রিয়াল মাদ্রিদকে ট্রফি উঠিয়ে ধরা দেখতে তাঁর দল লন্ডনে যায়নি। রিয়াল ফেব্রারিট হলেও পরোয়া করছেন না তিনি। ‘আমরা সর্বোচ্চ পর্যায়ে প্রতিদ্বন্দ্বিতা

হতো। যদি ৬৪টি ম্যাচ খেলতাম, তাহলে অসম্ভব। কিন্তু প্রতিদ্বন্দ্বিতা যদি হয় এক ম্যাচের এবং তা ফাইনাল, তাহলে সবকিছুই সম্ভব। এটা পরিস্থার যে ওরা ফেব্রারিট হিসেবে মাঠে নামছে। কিন্তু আমরা ওদের পরোয়া করি না। আত্মলৈকো (কোয়ার্টার ফাইনাল)

ভারতীয় কোচের পদ নিয়ে গম্ভীরের সঙ্গে কথা বোর্ডের!

১ জুন : কেকেআর শিবির ছেড়ে এবার জাতীয় দলে যোগ দেবেন গৌতম গম্ভীর। এমনটাই শোনা যাচ্ছে। গত কয়েকদিন ধরে এই নিয়েই জোর চর্চা হচ্ছে ক্রিকেটমহলে। রাহুল দ্রাবিড়ের উত্তরসূরি হিসাবে দুবার বিশ্বকাপজয়ী তারকাকে বেছে নেওয়া হবে বলেই জল্পনা চলছে। এবার সেই জল্পনা আরও উৎসকে দিল বিসিসিআই সূত্রের একটি খবর। বোর্ডের তরফে খবর, ইতিমধ্যেই আলোচনা হয়েছে গম্ভীরের সঙ্গে। ২০১২ এবং ২০১৪ সালে অধিনায়ক হিসাবে কেকেআরকে আইপিএল চ্যাম্পিয়ন করেছিলেন গম্ভীর। ২০২৪ সালে প্রিয় কলকাতা নাইট রাইডার্স মেন্টর হিসাবে কামব্যাক করেন ‘ তার পরেই ১০ বছর পরে আইপিএল জেতে কেকেআর। গোটা



কোচ হিসাবে নিয়োগ করা যেতে পারে গৌতম গম্ভীরকে। জল্পনা আরও উৎসকে গিয়েছিল আইপিএল ফাইনালের পর। বোর্ড সচিব জয় শাহ নিজেই এসে হাত মেলান কেকেআর মেন্টরের সঙ্গে। দীর্ঘক্ষণ কথা হয় দুজনের মধ্যে। একসঙ্গে ছবিও তোলেন। তার পর থেকেই নেটদুনিয়ায়

জোর চর্চা, তাহলে কি মেন ইন ব্লুর কোচের পদে নিশ্চিত হয়ে গেল গম্ভীরের নাম? তার মধ্যেই একটি ক্রীড়াসংবাদ পোর্টাল জানায়, জাতীয় দলের কোচের পদে গম্ভীরের নাম চ্যাপ্ত হয়ে গিয়েছে। এবার শুধু আনুষ্ঠানিক ঘোষণার অপেক্ষা। এবার জল্পনা আরও উৎসকে দিল বিসিসিআইয়ের একটি সূত্র। সর্বভারতীয় এক সংবাদসংস্থার দাবি, ব্যক্তিগত স্তরে গম্ভীরের সঙ্গে বোর্ড কর্তৃদেয় কথা হয়েছে। কোচ হিসাবে প্রায় নিশ্চিত তাঁর নাম। সংশয় ছিল, কেকেআর শিবির ছাড়তে গম্ভীর রাজি হবেন কিনা। তবে সূত্রের খবর, জাতীয় দলের সঙ্গেই যুক্ত হতে আগ্রহী তিনি। তার জন্য কেকেআরের মেন্টর পদ ছাড়বেন জিজ্ঞা। যদিও এখনও পুরো বিষয়টি নিয়ে সরকারিভাবে কিছু জানা যায় নি বা বোর্ডও জানায়নি।

যুবভারতীর জনগর্জনই তিন পয়েন্ট তুলতে সাহায্য করবে’, আত্মবিশ্বাসী জাতীয় দলের গোলকিপার

১ জুন : সুনীল ছেক্ত্রীর বিদায়ী ম্যাচ নিয়ে আগ্রহ তুঙ্গে। আর কদিন পরেই ‘ লিগের, লেজের্ভ’-এর নামের সঙ্গে যুক্ত হয়ে যাবে ‘প্রাক্তন শব্দটি। একই সঙ্গে ৬ জুন যুবভারতীতে কুয়েতকে হারিয়ে বিশ্বকাপের তৃতীয় রাউন্ডে উত্তে মরিয়া ‘ব্লু টিহারার’। কিন্তু তার পরে সুনীলের বুটে পা গলাবেন কে? লালিয়ানজুয়ালা ছায়েতে যেমন প্রতিজ্ঞাবদ্ধ ভারত অধিনায়ককে বিদায়ী ম্যাচে জয় উপহার দিতে এমনকী দলের প্রয়োজনে অব্যাহতে অন্য পর্জিনেও খেলতে রাজি মুইই সিরি ফুটবলার। কিন্তু জাতীয় দলের গোলরক্ষক গুরুপ্রীত সিং সান্দ্রর মতে সুনীলের শূন্যস্থান পূরণ করা সম্ভব নয়। এদিন তিনি বলেন, সুনীল ভাই যা করেছেন, তা ভবিষ্যতে



একেবারে খারাপ ছিল, তা নয়। কিন্তু ও সরে যাওয়ার পর আমাদের উপরেই দায়িত্ব আসবে। আমাদেরও শিখতে হবে কীভাবে সুনীলকে ছাড়া এগিয়ে যাওয়া যায়। এটা নতুন প্রেয়ারদেরও জানতে হবে। তাহলেই দেশ ফুটবে সামনের

দিকে এগোবে। কুয়েতের বিরুদ্ধে শুধু সুনীলের শেষ ম্যাচ নয়। সেই সঙ্গে বিশ্বকাপের তৃতীয় রাউন্ডে উত্তে মরিয়া থাকবে ইংর সিঁমাচের দল। যুবভারতী সম্পূর্ণ জা থাকবে বলেই ধরে নেওয়া যায়। এত দম্ভের সামনে খেলা নিয়ে গুরুপ্রীত বলেন, এমন জায়গায় খেলা সবসময় বোনো। কলকাতার দর্শকদের আগে অনেক বেশি। এটা নিয়ে আমার কোনও সংশেই নেই। জনগর্জনই আমাদের তিন পয়েন্ট তুলে নিতে সাহায্য করবে। প্রতিপক্ষের মাঠে গিয়ে কুয়েতকে ১-০ গোলে হারিয়েছিল ইংর দায়িত্ব আসবে। আমাদেরও শিখতে হবে কীভাবে সুনীলকে ছাড়া এগিয়ে যাওয়া যায়। এটা নতুন প্রেয়ারদেরও জানতে হবে। তাহলেই দেশ ফুটবে সামনের

আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৪, গ্রুপ ‘এ’ বিশ্লেষণ

দূরন্ত বার্তা, কলকাতা, ১ জুন : গ্রুপ ‘এ’ তে আছে বিশ্ব ক্রিকেটের দুই শক্তিশালী দল ভারত ও পাকিস্তান, সহ-আয়োজক মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাডা এবং আইহিরি দল। ভারতের টি-টোয়েন্টি বিশ্বকাপের দায়ী ২০০৭ সালে। সেবার খেলির নেতৃত্বে বিশ্বকাপ জিতেছিল ভারত। দলের মূল খেলোয়াড় : রোহিত শর্মা : অভিজ্ঞ অধিনায়ক তার ব্যতিক্রমী ব্যাটিং এবং নেতৃত্বের দক্ষতা দিয়ে ভারতকে নেতৃত্ব দেবেন। পাকিস্তানের পেস আক্রমণের নেতৃত্ব-এ তিনিই থাকবেন। এছাড়া বোলিংয়ে নাসিম শাহ এবং শাদাব খান নেতৃত্বে থাকবেন।ব্যাটিংয়ে মোহাম্মদ রিজওয়ান এবং যক্ষর জামানের মতো নির্ভরযোগ্য ব্যাটসম্যানরা রয়েছেন।কবে কবে খেলা- মার্কিন যুক্তরাষ্ট্র : জুন ৬, টেক্সাস, ভারতঃ ৯ জুন, নিউইয়র্ক, কানাডাঃ ১১ জুন, নিউইয়র্ক, আয়ারল্যান্ড : ১৬ জুন, ফ্লোরিডা। আয়ারল্যান্ড : পল স্টার্লিংয়ের নতুন নেতৃত্বে আয়ারল্যান্ড টি-টোয়েন্টি বিশ্বকাপে জয়গা করে নিয়েছে। লড়াইয়ের মনোভাবের জন্য আয়ারল্যান্ড পরিচিত।

জুন, নিউইয়র্ক, পাকিস্তান, ৯ জুন, নিউইয়র্ক, মার্কিন যুক্তরাষ্ট্র : ১২ জুন, নিউইয়র্ক, কানাডা : ১৫ জুন, ফ্লোরিডা,পাকিস্তানঃ বাবর আজমের নেতৃত্বে, পাকিস্তান তাদের সাম্প্রতিক আইসিসি ইভেন্টের শক্তিশালী দল। তাদের স্কোয়াডে রয়েছে অভিজ্ঞ এবং উদীয়মান খেলোয়াড়। দলের মূল খেলোয়াড়- বাবর আজম, পাকিস্তানের ব্যাটিং লাইনআপের মূল ভিত্তি এবং তার ধারাবাহিকতা এবং নেতৃত্বের জন্য খুঁই পরিচিত। শাহিন আফ্রিদি,দলের একজন গুরুত্বপূর্ণ বোলার। পাকিস্তানের পেস আক্রমণের নেতৃত্ব-এ তিনিই থাকবেন। এছাড়া বোলিংয়ে নাসিম শাহ এবং শাদাব খান নেতৃত্বে থাকবেন।ব্যাটিংয়ে মোহাম্মদ রিজওয়ান এবং যক্ষর জামানের মতো নির্ভরযোগ্য ব্যাটসম্যানরা রয়েছেন।কবে কবে খেলা- মার্কিন যুক্তরাষ্ট্র : জুন ৬, টেক্সাস, ভারতঃ ৯ জুন, নিউইয়র্ক, কানাডাঃ ১১ জুন, নিউইয়র্ক, আয়ারল্যান্ড : ১৬ জুন, ফ্লোরিডা। আয়ারল্যান্ড : পল স্টার্লিংয়ের নতুন নেতৃত্বে আয়ারল্যান্ড টি-টোয়েন্টি বিশ্বকাপে জয়গা করে নিয়েছে। লড়াইয়ের মনোভাবের জন্য আয়ারল্যান্ড পরিচিত।

আয়ারল্যান্ডের লক্ষ্য প্রথমবারের মতো গ্রুপ পর্ব ছাড়িয়ে পরের রাউন্ডে যাওয়া। দলের মূল খেলোয়াড় : পল স্টার্লিং : টি-টোয়েন্টিতে আয়ারল্যান্ডের সর্বোচ্চ রান সপ্তাহক।তিনি দলের অধিনায়ক। স্টার্লিং-এর আক্রমণাত্মক ব্যাটিং দলের সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ। স্কোয়াড বিশ্লেষণ,আয়ারল্যান্ডের স্কোয়াডে রয়েছে অভিজ্ঞ এবং প্রতিদ্বন্দ্বিতাশীল প্রতিভা। রয়েছে শক্তিশালী ব্যাটিং লাইনআপ এবং ভারসাম্যপূর্ণ বোলিং আক্রমণ। কবে কবে খেলা, ভারতঃ ৫ জুন, নিউইয়র্ক, কানাডা,জুন ৭, নিউইয়র্ক, মার্কিন যুক্তরাষ্ট্র ১৬ জুন, ফ্লোরিডা, পাকিস্তান- ১৬ জুন, ফ্লোরিডা, মার্কিন যুক্তরাষ্ট্র, এবারই টি-টোয়েন্টি বিশ্বকাপের মধ্য দিকে তাদের অভিযোজ যুক্তরাষ্ট্রের লক্ষ্য প্রথম বিশ্ব মধ্যে এসে কিছু একটা করা। মোনাক প্যাটেলের নেতৃত্বে, দলটিতে যুক্তরাষ্ট্রের একজন গুরুত্বপূর্ণ বোলার। বিশ্বজুড়ে টি-টোয়েন্টি লিগে তার ভালো পারফরম্যান্সের রয়েছে।

প্যাকেজ বুকিং-এ বিশেষ ছাড়

বুকিং চলছে

গীতাঞ্জলি ফরেস্ট রিট্রিট

অযোধ্যা, আরস, পুরুলিয়া

9875658238 / 8820071827 / 8334826975